# অর্থ আইন, ২০০৪

## সূচি

### প্রথম অধ্যায়

### প্রারম্ভিক

**ধারাসমূহ**

১। সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন

### দ্বিতীয় অধ্যায়

### The Excises and Salt Act, 1944 (I of 1944) এর সংশোধন

২। Act I of 1944 এর FIRST SCHEDULE এর PART-I এর বিলুপ্তি

৩। Act I of 1944 এর FIRST SCHEDULE এর PART-II এর প্রতিস্থাপন

### তৃতীয় অধ্যায়

### The Customs Act, 1969 (Act IV of 1969) এর সংশোধন

৪। Act IV of 1969 এর section 22 এর সংশোধন

৫। Act IV of 1969 এর section 27 এর সংশোধন

৬। Act IV of 1969 এর section 33 এর সংশোধন

৭। Act IV of 1969 এর section 98 এর সংশোধন

৮। Act IV of 1969 এ নতুন section 98A এর সন্নিবেশ

৯। Act IV of 1969 এর section 194 এর সংশোধন

১০। Act IV of 1969 এর FIRST SCHEDULE এর সংশোধন

### চতুর্থ অধ্যায়

### Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর সংশোধন

১১। Ordinance No. XXXVI of 1984 এর section 2 এর সংশোধন

১২। Ordinance No. XXXVI of 1984 এর section 3 এর সংশোধন

১৩। Ordinance No. XXXVI of 1984 এর section 16B এর সংশোধন

**ধারাসমূহ**

১৪। Ordinance No. XXXVI of 1984 এ নতুন section 19BBB এর সন্নিবেশ
১৫। Ordinance No. XXXVI of 1984 এর section 22 এর সংশোধন
১৬। Ordinance No. XXXVI of 1984 এর section 25 এর সংশোধন
১৭। Ordinance No. XXXVI of 1984 এর section 29 এর সংশোধন
১৮। Ordinance No. XXXVI of 1984 এর section 30 এর সংশোধন
১৯। Ordinance No. XXXVI of 1984 এর section 50A এর সংশোধন
২০। Ordinance No. XXXVI of 1984 এর section 51 এর সংশোধন
২১। Ordinance No. XXXVI of 1984 এর section 52A এর সংশোধন
২২। Ordinance No. XXXVI of 1984 এর section 52AA এর সংশোধন
২৩। Ordinance No. XXXVI of 1984 এ নতুন section 52AAA এর সন্নিবেশ
২৪। Ordinance No. XXXVI of 1984 এর section 52D এর সংশোধন
২৫। Ordinance No. XXXVI of 1984 এর section 52G এর বিলুপ্তি
২৬। Ordinance No. XXXVI of 1984 এর section 53A এর সংশোধন
২৭। Ordinance No. XXXVI of 1984 এর section 53H এর সংশোধন
২৮। Ordinance No. XXXVI of 1984 এর section 75 এর সংশোধন
২৯। Ordinance No. XXXVI of 1984 এর section 82B এর সংশোধন
৩০। Ordinance No. XXXVI of 1984 এর section 82C এর সংশোধন
৩১। Ordinance No. XXXVI of 1984 এর section 83A এর সংশোধন
৩২। Ordinance No. XXXVI of 1984 এর section 83AA এর সংশোধন
৩৩। Ordinance No. XXXVI of 1984 এর section 94 এর সংশোধন
৩৪। Ordinance No. XXXVI of 1984 এর section 113 এর সংশোধন

## ধারাসমূহ

৩৫। Ordinance No. XXXVI of 1984 এর section 116 এর সংশোধন

৩৬। Ordinance No. XXXVI of 1984 এর section 117 এর সংশোধন

৩৭। Ordinance No. XXXVI of 1984 এর section 124 এর সংশোধন

৩৮। Ordinance No. XXXVI of 1984 এর section 156 এর সংশোধন

৩৯। Ordinance No. XXXVI of 1984 এর section 158 এর সংশোধন

৪০। Ordinance No. XXXVI of 1984 এর section 178 এর সংশোধন

৪১। Ordinance No. XXXVI of 1984 এর Section 184A এর সংশোধন

৪২। Ordinance No. XXXVI of 1984 এর THE SIXTH SCHEDULE এর সংশোধন

৪৩। আয়কর

### পঞ্চম অধ্যায়

### The Finance Ordinance, 1986 (Ord. No. XLV of 1986) এর সংশোধন

৪৪। Ordinance No. XLV of 1986 এর সংশোধন

### ষষ্ঠ অধ্যায়

### মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর সংশোধন

৪৫। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ২ এর সংশোধন

৪৬। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ৫ এর সংশোধন

৪৭। ১৯৯১ সনের ২২নং আইন এ নূতন ধারা ৮ঘ এর সন্নিবেশ

৪৮। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ৯ এর সংশোধন

৪৯। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ১৫ এর সংশোধন

৫০। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ২০ এর সংশোধন

৫১। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ২২ এর সংশোধন

৫২। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ২৬ এর সংশোধন

৫৩। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ২৬ক এর প্রতিস্থাপন

**ধারাসমূহ**

৫৪। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ২৭ এর সংশোধন
৫৫। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ৩৭ এর সংশোধন
৫৬। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ৩৮ এর সংশোধন
৫৭। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ৪২ এর সংশোধন
৫৮। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ৪৮ এর সংশোধন
৫৯। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ৫১ এর প্রতিস্থাপন
৬০। ১৯৯১ সনের ২২নং আইনের ধারা ৫৬ এর সংশোধন
৬১। ১৯৯১ সনের ২২নং আইনের প্রথম তফসিলের প্রতিস্থাপন
৬২। ১৯৯১ সনের ২২নং আইনের দ্বিতীয় তফসিলের প্রতিস্থাপন
৬৩। ১৯৯১ সনের ২২নং আইনের তৃতীয় তফসিলের প্রতিস্থাপন

**সপ্তম অধ্যায়**

**ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন) এর অধিকতর সংশোধন**

৬৪। ২০০৩ সনের ৫নং আইনের ধারা ২ এর সংশোধন
৬৫। ২০০৩ সনের ৫নং আইনের ধারা ৩ এর সংশোধন
৬৬। ২০০৩ সনের ৫নং আইনের ধারা ৪ এর সংশোধন

**অষ্টম অধ্যায়**

**তফসিল-১**
**তফসিল-২**
**তফসিল-৩**
**তফসিল-৪**
**তফসিল-৫**
**তফসিল-৬**

# অর্থ আইন, ২০০৪

## ২০০৪ সনের ১৬ নং আইন

[৩০ জুন, ২০০৪]

**সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত আইন**

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

### প্রথম অধ্যায়

### প্রারম্ভিক

**১**। (১) এই আইন অর্থ আইন, ২০০৪ নামে অভিহিত হইবে। সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন

(২) The Provisional Collection of Taxes Act, 1931 (XVI of 1931) এর অধীন জনস্বার্থে জারীকৃত ঘোষণা সাপেক্ষে, এই আইন ২০০৪ সনের **১**লা জুলাই তারিখে কার্যকর হইবে।

### দ্বিতীয় অধ্যায়

### The Excises and Salt Act, 1944 (I of 1944) এর সংশোধন

**২**। Excises and Salt Act, 1944 (I of 1944) এর FIRST SCHEDULE এর PART-I বিলুপ্ত হইবে। Act I of 1944 এর FIRST SCHEDULE এর PART-I এর বিলুপ্তি

**৩**। Excises and Salt Act, 1944 (I of 1944) এর FIRST SCHEDULE এর PART-II এর পরিবর্তে এই আইনের তফসিল-**১** এ বর্ণিত PART-II প্রতিস্থাপিত হইবে। Act I of 1944 এর FIRST SCHEDULE এর PART-II এর প্রতিস্থাপন

### তৃতীয় অধ্যায়

### The Customs Act, 1969 (Act IV of 1969) এর সংশোধন

**৪**। The Customs Act, 1969 (IV of 1969), অতঃপর Customs Act বলিয়া উল্লিখিত, এর section 22 এর- Act IV of 1969 এর section 22 এর সংশোধন

(ক) clause (a) এর "or any other tax" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) clause (b) এর পরিবর্তে নিম্নরূপ clause (b) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(b) where such goods were exported from any bonded warehouse, without payment of-

(i) the customs-duty or infra-structure development surcharge (অবকাঠামো উন্নয়ন সারচার্জ) chargeable on the imported materials, if any, used in the manufacture of such goods; or

(ii) the excise duty chargeable on the indigenous raw materials, if any, used in the manufacture of such goods; or

(iii) the excise duty, if any, chargeable on such goods,

on payment of customs-duty equal to the aggregate amount of all such duties and charges calculated at the rates prevailing at the time and place of importation of goods; or";

(গ) clause (c) এর পরিবর্তে নিম্নরূপ clause (c) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(c) in any other case, without payment of customs duty."।

Act IV of 1969 এর section 27 এর সংশোধন

৫। Customs Act এর section 27 এর উপান্তটীকার "goods.-" শব্দ, ফুলস্টপ ও চিহ্নটির পর "(1)" বন্ধনী ও সংখ্যা সন্নিবেশিত হইবে।

Act IV of 1969 এর section 33 এর সংশোধন

৬। Customs Act এর section 33 এর sub-section (1) এর প্রান্তস্থিত ফুলস্টপের পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ proviso সন্নিবেশিত হইবে, যথাঃ-

"Provided that where the amount so claimed is less than one thousand taka, refund shall not be allowed."।

Act IV of 1969 এর section 98 এর সংশোধন

৭। Customs Act এর section 98 এর পরিবর্তে নিম্নরূপ section 98 প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"**98. Period for which goods may remain warehoused.-** (1) Any goods imported for and warehoused in any special bonded warehouse, may remain in the warehouse for a period not exceeding fifteen months from the date of warehousing.

(2) Any goods imported for and warehoused in any hundred *per cent* export oriented industry other than the special bonded warehouses, may remain in the warehouse for a period not exceeding twelve months from the date of warehousing.

(3) Any goods imported for and warehoused in any diplomatic bonded warehouse, may remain in the warehouse for a period not exceeding twelve months from the date of warehousing.

(4) Any warehoused goods other than the goods mentioned in sub-sections (1), (2) and (3) may remain in the warehouse for a period not exceeding six months following the date of execution of the bond under section 86 in respect of such goods.

(5) In the case of any goods specified in sub-sections (1), (2), (3) and (4) and which are likely to deteriorate, the period for warehousing of such goods may be reduced by the Commissioners of Customs (Bond) or any other Commissioner of Customs authorised by the Board to such reasonable period as he deems fit in each case.

(6) In the case of any goods specified in sub-sections (1), (2) and (3) and which are not likely to deteriorate, the period for warehousing of such goods may, on sufficient cause being shown, be extended by the Commissioner of Customs (Bond) or any other Commissioner of Customs authorised by the Board for a period not exceeding three months and subsequently by the Board for a further period not exceeding another three months:

Provided that, where any exceptional circumstance arises in respect of any warehoused goods, the government may, subject to such conditions as it deems fit to impose, extend the period for warehousing of such goods for such further period as it considers necessary." ।

**Act IV of 1969 এ নতুন section 98A এর সন্নিবেশ**

৮। Customs Act এর section 98 এর পর নিম্নরূপ নতুন section 98A সন্নিবেশিত হইবে, যথাঃ-

"**98A. Goods to be removed if licence is cancelled.-** When the licence of any private warehouse is cancelled, the owner of any goods warehoused therein shall, within ten days of the date on which notice of such cancellation is given or within such extended period, as the appropriate officer may allow, remove the goods from that warehouse to another warehouse or clear them for home-consumption or exportation." ।

Act IV of 1969 এর section 194 এর সংশোধন

৯। Customs Act এর section 194 এর sub-section (1) এর-

(ক) "the duty demanded or the penalty levied" শব্দগুলির পরিবর্তে "fifty *per cent* of the duty demanded or fifty *per cent* of the penalty imposed, or both, as the case may be" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) প্রথম শর্তাংশের "as aforesaid the entire amount of the penalty" শব্দগুলির পরিবর্তে "the amount of the penalty as aforesaid" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(গ) দ্বিতীয় শর্তাংশের "penalty levied" শব্দগুলির পরিবর্তে "penalty imposed" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

Act IV of 1969 এর FIRST SCHEDULE এর সংশোধন

১০। Customs Act এর "FIRST SCHEDULE" এর পরিবর্তে এই আইনের তফসিল-২ এ উল্লিখিত "FIRST SCHEDULE" প্রতিস্থাপিত হইবে (আলাদাভাবে মুদ্রিত)।

## চতুর্থ অধ্যায়

## Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর সংশোধন

Ordinance No. XXXVI of 1984 এর section 2 এর সংশোধন

১১। Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984), অতঃপর Income-tax Ordinance বলিয়া উল্লিখিত, এর section 2 এর clause (25A) এর পর নিম্নরূপ নূতন clause (25AA) সন্নিবেশিত হইবে, যথাঃ-

"(25AA) "Director General, Central Intelligence Cell" means a person appointed to be Director General, Central Intelligence Cell;"।

Ordinance No. XXXVI of 1984 এর section 3 এর সংশোধন

১২। Income-tax Ordinance এর section 3 এর sub-section (2C) এরপর নিম্নরূপ নূতন sub-section (2D) সন্নিবেশিত হইবে, যথাঃ-

"(2D) Director General, Central Intelligence Cell;"।

Ordinance No. XXXVI of 1984 এর Section 16B এর সংশোধন

১৩। Income-tax Ordinance এর section 16B এর Explanation এর পরিবর্তে নিম্নরূপ Explanation প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"**Explanation-.** For the purpose of this section, "undistributed profit" means accumulated profit including free reserve."।

**১৪।** Income-tax Ordinance এর section 19BB এর পর নিম্নরূপ নতুন section 19BBB সন্নিবেশিত হইবে, যথাঃ- Ordinance No. XXXVI of 1984 এ নতুন section 19BBB এর সন্নিবেশ

"**19BBB. Special tax treatment regarding investment in motor vehicles.-**Notwithstanding anything contained in this Ordinance, no question as to the source of any sum invested by any person in purchasing of motor vehicle, not plying for hire, shall be raised if the assessee pays tax at the following rate, at the time of registration of the motor vehicle or before the assessment is completed for the relevant year:

(a) seven and half *percent* of the purchase value where the car or jeep exceeds 1500 c.c;

(b) five *percent* of the purchase value where the car or jeep does not exceed 1500 c.c:

Provided that the provisions of this section shall apply in the case of first time registration of the said motor vehicle in Bangladesh."।

**১৫।** Income-tax Ordinance এর section 22 এর clause (a) এর "the Government" শব্দগুলির পরিবর্তে "the Government or any security approved by Government" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে। Ordinance No. XXXVI of 1984 এর section 22 এর সংশোধন

**১৬।** Income-tax Ordinance এর section 25 এর sub-section (1) এর clause (h) এর পরিবর্তে নিম্নরূপ clause (h) প্রতিস্থাপিত হইবে, যথাঃ- Ordinance No. XXXVI of 1984 এর section 25 এর সংশোধন

"(h) in respect of expenditure for repairs, collection of rent, water and sewerage, electricity and salary of *darwan*, security guard, pump-man, lift man and caretaker and all other expenditure related to maintenance and provision of basic services:

(i) an amount equal to one fourth of the annual value of the property where the property is used for residential purpose;

(ii) an amount equal to thirty *per cent* of the annual value of the property where the property is used for commercial purpose."।

**১৭।** Inocme-tax Ordinance এর section 29 এর sub-section (1) এর clause (xa) বিলুপ্ত হইবে। Ordinance No. XXXVI of 1984 এর section 29 এর সংশোধন

Ordinance No. XXXVI of 1984 এর section 30 এর সংশোধন

**১৮।** Inocme-tax Ordinance এর section 30 এর clause (e) এর "one lakh and thirty two thousand taka" শব্দগুলির পরিবর্তে "one lakh and fifty thousand taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

Ordinance No. XXXVI of 1984 এর section 50A এর সংশোধন

**১৯।** Inocme-tax Ordinance এর section 50A এর প্রান্তস্থিত ফুলস্টপ এর পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ proviso সন্নিবেশিত হইবে, যথাঃ-

> "Provided that no tax shall be deducted under this section where the said bill is purchased by an approved superannuation fund or pension fund or gratuity fund or a recognised providend fund, or a workers' profit participation fund."।

Ordinance No. XXXVI of 1984 এর section 51 এর সংশোধন

**২০।** Income-tax Ordinance এর section 51 এর sub-section (1) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (1) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

> "(1) Unless the Government otherwise directs in the case of the security of the Government, or security approved by the Government, the person responsible for making any payment which constitutes income of the payee classifiable under the head "Interest on securities," shall, subject to the provisions of sub-section (2), at the time of making such payment, deduct tax at the rate of twenty *per cent* on the amount so payable."।

Ordinance No. XXXVI of 1984 এর section 52A এর সংশোধন

**২১।** Income-tax Ordinance এর section 52A এর পরিবর্তে নিম্নরূপ section 52A প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

> "52A. Deduction at source from fees for professional and technical services.-(1) The principal officer of any company registered under the Companies Act, 1913 (VII of 1913) or কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন) or the chief executive of any non-government organisation registered with the NGO Affairs Bureau or the chief executive of any trust registered under the Trusts Act, 1882 (II of 1882) running any general or specialised hospital or any diagnostic centre shall be responsible for making any payment to any doctor which may be payable to him on account of fees for services rendered by him to a patient in such hospital or diagnostic centre and shall, at the time of making such payment, deduct income tax at the rate of five *per cent* on the amount so payable.

(2) The government or any other authority, corporation or body, including its units, the activities of which are authorised by any Act, Ordinance, Order or instrument having the force of law in Bangladesh, or any company as defined in clause (20) of section 2 or any banking company or any insurance company or any co-operative bank or any non-government organisation registered with NGO Affairs Bureau, responsible for making any payment on account of royalty or technical know-how fee shall deduct or collect, at the time of credit of such royalty or fee to the account of the payee or at the time of payment thereof in cash or by issue of a cheque or draft or by any other mode, whichever is earlier, as advance payment of tax at the rate of ten *per cent* of such royalty or fee.

(3) The government or any other authority, corporation or body, including its units, the activities of which are authorised by any Act, ordinance, Order or instrument having the force of law in Bangladesh, or any company as defined in clause (20) of section 2 or any banking company or any insurance company or any co-operative bank or any non-government organisation registered with NGO Affairs Bureau, responsible for making any payment on account of fees for professional or technical services shall deduct or collect, at the time of credit of such fees to the account of the payee or at the time of payment thereof in cash or by issue of a cheque or draft or by any other mode, whichever is earlier, as advance payment of tax at the rate of five *per cent* of such fees:

Provided that where the Board, on an application made in this behalf, gives a certificate in writing that the person rendering professional or technical services is not likely to have any assessable income during the year or the income is otherwise exempted from tax under any provision of this Ordinance, payment referred to in this section shall be made without any deduction until the certificate is cancelled.

**Explanation:** For the purposes of this section-

(a) "professional services" means services rendered by a person in the course of carrying on legal, engineering or architectural profession or the profession of accountancy or technical consultancy or interior decoration or advertising but does not include services rendered by doctors;

(b) "fees for technical services" shall have the same meaning as in clause (31) of section 2 but does not include royalty, technical know-how fee."।

Ordinance No. XXXVI of 1984 এর section 52AA এর সংশোধন

২২। Income-tax Ordinance এর section 52AA এর "clearing and forwarding agency or" শব্দগুলি বিলুপ্ত হইবে।

Ordinance No. XXXVI of 1984 এ নতুন section 52AAA এর সন্নিবেশ

২৩। Income-tax Ordinance এর section 52AA এর পর নিম্নরূপ নতুন section 52AAA সন্নিবেশিত হইবে; যথাঃ-

"**52AAA. Collection of tax from clearing and forwarding agents.-** The Commissioner of Customs shall make collection on account of commission receivable by clearing and forwarding agents licensed under Customs Act, 1969 at the rate of five *per cent* on such commission at the time of clearance of goods imported or exported."।

Ordinance No. XXXVI of 1984 এর section 52D এর সংশোধন

২৪। Income-tax Ordinance এর section 52D এর দ্বিতীয় proviso এর "June, 1999" শব্দ, কমা ও সংখ্যার পরিবর্তে "June, 1999 and on or after the first day of January, 2004" শব্দগুলি, কমাগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

Ordinance No. XXXVI of 1984 এর section 52G এর বিলুপ্তি

২৫। Income-tax Ordinance এর section 52G বিলুপ্ত হইবে।

Ordinance No. XXXVI of 1984 এর section 53A এর সংশোধন

২৬। Income-tax Ordinance এর section 53A এর "donation or assistance" শব্দগুলির পরিবর্তে "donation or assistance or any university or medical college or dental college or engineering college" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

Ordinance No. XXXVI of 1984 এর section 53H এর সংশোধন

২৭। Income-tax Ordinance এর section 53H এর sub-section (2) এর clause (f) বিলুপ্ত হইবে।

Ordinance No. XXXVI of 1984 এর section 75 এর সংশোধন

২৮। Income-tax Ordinance এর section 75 এর-

(ক) sub-section (1A) এর clause (f) এর প্রান্তস্থিত ফুল স্টপ এর পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন clause (g) সন্নিবেশিত হইবে, যথাঃ-

"(g) has a tax payers identification number in accordance with the provision of section 184A.";

(খ) sub-section (2) এর clause (d) এর sub-clause (i) এর পরিবর্তে নিম্নরূপ sub-clause (i) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(i) in the case of individual a statement in the prescribed form and verified in the prescribed manner giving particulars of his personal and family expenditure to be called life style;"।

Ordinance No. XXXVI of 1984 এর section 82B এর সংশোধন

২৯। Income-tax Ordinance এর section 82B এর sub-section (1) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (1) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(1) Notwithstanding anything contained in this Ordinance, the Board may direct that any return of income filed by an assessee or class of assessee or classes of assessee for any income year under any provision of this Ordinance be accepted."।

Ordinance No. XXXVI of 1984 এর section 82C এর সংশোধন

৩০। Income-tax Ordinance এর section 82C এর-

(ক) sub-section (2) এর-

(অ) clause (la) এর পরিবর্তে নিম্নরূপ clause (la) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(la) the amount representing the payment on account of royalty, technical know-how fee for which tax is deductable under section 52A(2);";

(আ) clause (la) এর পর নিম্নরূপ নূতন clause (lb) সন্নিবেশিত হইবে, যথাঃ-

"(lb) commission from clearing and forwarding agency business for which tax is deductable under section 52AAA.";

(খ) sub-section (4) এর "payment on account of fees for technical services under section 52A(2)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "payment on account of royalty or technical know-how fee under section 52A(2), commission from clearing and forwarding under section 52AAA" শব্দগুলি, সংখ্যাগুলি, বন্ধনী ও কমা প্রতিস্থাপিত হইবে।

Ordinance No. XXXVI of 1984 এর section 83A এর সংশোধন

৩১। Income-tax Ordinance এর section 83A এর-

(ক) sub-section (2) এর "a portion, not exceeding twenty per cent." শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে;

(খ) sub-section (3) বিলুপ্ত হইবে;

(গ) sub-section (4) বিলুপ্ত হইবে।

Ordinance No. XXXVI of 1984 এর section 83AA এর সংশোধন

৩২। Income-tax Ordinance এর section 83AA এর-

(ক) sub-section (1) এর "ten per cent" শব্দগুলির পরিবর্তে "five *per cent*" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) sub-section (3) এর "a portion, not exceeding twenty per cent." শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে এবং কোলনের পরিবর্তে ফুলস্টপ প্রতিস্থাপিত হইবে;

(গ) sub-section (3) এর proviso টি বিলুপ্ত হইবে।

Ordinance No. XXXVI of 1984 এর section 94 এর সংশোধন

৩৩। Income-tax Ordinance এর section 94 এর-

(ক) sub-section (1) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (1) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(1) Subject to the provisions of sub-sections (2) and (3), no order of assessment under the provisions of this Chapter in respect of any income shall be made after the expiry of six months from the end of the assessment year in which the income was first assessable."

(খ) sub-section (3) এর প্রান্তস্থিত ফুলস্টপের পরিবর্তে কোলন সংযোজিত হইবে এবং অতঃপর নিম্নরূপ proviso সন্নিবেশিত হইবে, যথাঃ-

"Provided that where an order of assessment has been set aside by any authority in that case the assessment shall be made within forty five days from the date on which the order was communicated to him."।

Ordinance No. XXXVI of 1984 এর section 113 এর সংশোধন

৩৪। Income-tax Ordinance এর section 113 এর "the Commissioner" শব্দগুলির পরিবর্তে "the Commissioner, the Director General, Central Intelligence Cell," শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

Ordinance No. XXXVI of 1984 এর section 116 এর সংশোধন

৩৫। Income-tax Ordinance এর section 116 এর-

(ক) sub-section (1) এর "the Commissioner" শব্দগুলির পরিবর্তে "the Commissioner, the Director General, Central Intelligence Cell," শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) sub-section (2) এর "the Commissioner" শব্দগুলির পরিবর্তে "the Commissioner, the Director General, Central Intelligence Cell," শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) sub-section (3) এর "the Commissioner" শব্দগুলির পরিবর্তে "the Commissioner, the Director General, Central Intelligence Cell," শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

Ordinance No. XXXVI of 1984 এর section 117 এর সংশোধন

**৩৬।** Income-tax Ordinance এর section 117 এর sub-section (1) এর "the Commissioner" শব্দগুলির পরিবর্তে "the Commissioner, the Director General, Central Intelligence Cell," শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

Ordinance No. XXXVI of 1984 এর section 124 এর সংশোধন

**৩৭।** Income-tax Ordinance এর section 124 এর পরিবর্তে নিম্নরূপ section 124 প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"**124. Penalty for failure to file return, etc.-** (1) Where any person has, without reasonable cause, failed to file a return of income required by or under sections 75, 77, 89(2), 91(3) or 93(1), the Deputy Commissioner of Taxes may impose upon such person a penalty amounting to ten *per cent* of tax imposed on last assessed income subject to a minimum of taka two thousand five hundred, and in the case of a continuing default a further penalty of taka two hundred and fifty for every day during which the default continues.

(2) Where any person has, without reasonable cause, failed to file or furnish or, as the case may be, obtain and display within the time laid down therefor,-

(a) any certificate, statement, accounts or information required by or under sections 58, 108, 109, 110 or 113; or

(b) the tax-payer's identification number (TIN) certificate under section 184C-

the Deputy Commissioner of Taxes shall impose upon such person a penalty of taka five hundred and in the case of a continuing default a further penalty of taka two hundred and fifty for every month or fraction thereof during which the default continues."।

Ordinance No. XXXVI of 1984 এর section 156 এর সংশোধন

**৩৮।** Income-tax Ordinance এর section 156 এর sub-section (5) এর "ten days" শব্দগুলির পরিবর্তে "fifteen days" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

Ordinance No. XXXVI of 1984 এর section 158 এর সংশোধন

**৩৯।** Income-tax Ordinance এর section 158 এর sub-section (2) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (2) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(2) No appeal under sub-section (1) shall lie against an order of the Appellate Joint Commissioner or the Commissioner (Appeals), as the case may be, unless the assessee has paid fifteen *per cent* of the amount representing the difference between the tax as determined on the basis of the order of the Appellate Joint Commissioner or the Commissioner (Appeals), as the case may be, and the tax payable under section 74:

Provided that on an application made in this behalf by the assessee, the Commissioner of Taxes, may reduce, the requirement of such payment if the grounds of such application appears reasonable to him."।

Ordinance No. XXXVI of 1984 এর section 178 এর সংশোধন

**৪০।** Income-tax Ordinance এর section 178 এর sub-section (1) এর "registered post" শব্দগুলির পরিবর্তে "registered post with acknowledgement due" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

Ordinance No. XXXVI of 1984 এর section 184A এর সংশোধন

**৪১।** Income-tax Ordinance এর section 184A এর-

(ক) clause (d) এর পরিবর্তে নিম্নরূপ clause (d) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(d) submitting application for membership of a club registered under কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন);";

(খ) clauses (k) এবং (l) এর পরিবর্তে নিম্নরূপ clauses (k), (l) ও (m) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(k) giving ISD connection to any kind of telephone;

(l) registration of a company under কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন) in respect of sponsor director; এবং

(m) submission of application for a licence as a Nikah Registrar under the Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 (LII of 1974):

Provided that a person who has already obtained the licence of a *Nikah* Registrar shall be required to obtain such certificate within three months from the date of commencement of this provision."।

**৪২।** Income-tax Ordinance এর THE SIXTH SCHEDULE এর- Ordinance No. XXXVI of 1984 এর THE SIXTH SCHEDULE এর সংশোধন

(ক) PART A তে নিম্নরূপ নতুন paragraph 31B সন্নিবেশিত হইবে, যথাঃ-

"31B. Any income not exceeding twenty five thousand taka received from interest on savings instruments:

Provided that the exemption under this paragraph will not be applicable where tax is deductible under section 52D.";

(খ) PART B এর Paragraph 10 এর sub-paragraph (1) এর clause (b) এর "Investment Corporation of Bangladesh" শব্দগুলির পরিবর্তে "Investment Corporation of Bangladesh and its subsidiaries" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**৪৩।** (১) উপ-ধারা (৩) এর বিধানাবলী সাপেক্ষে, ২০০৪ সালের ১লা জুলাই এবং ২০০৫ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরের জন্য কোন কর নির্ধারণের ক্ষেত্রে এই আইনের তফসিল ৩ এ নির্দিষ্ট কর হার অনুয়ায়ী আয়কর ধার্য হইবে। আয়কর

(২) যে সকল ক্ষেত্রে Income-tax Ordinance এর SECOND SCHEDULE (লটারী আয় সংক্রান্ত) প্রযোজ্য হইবে সেই সকল ক্ষেত্রে আরোপনযোগ্য কর উক্ত SCHEDULE অনুসারেই ধার্য করা হইবে, কিন্তু করের হার নির্ধারণের ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধান প্রয়োগ করিতে হইবে।

(৩) Income-tax Ordinance এর Chapter VII অনুসারে কর কর্তনের নিমিত্ত তফসিল-৩ এ (আয়কর হার সংক্রান্ত) বর্ণিত হার ২০০৪ সালের ১লা জুলাই তারিখে আরব্ধ এবং ২০০৫ সালের ৩০ শে জুন তারিখে সমাপ্য এবং ২০০৫ সালের ১ লা জুলাই তারিখে আরব্ধ এবং ২০০৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য বৎসরের জন্য প্রযোজ্য হইবে।

(৪) এই ধারা এবং এর ধারার অধীন আরোপিত আয়কর হারের উদ্দেশ্যে ব্যবহৃত "মোট আয় (total income)" বলিতে Income-tax Ordinance এর বিধান অনুসারে নিরূপিত মোট আয় (total income) বুঝাইবে।

## পঞ্চম অধ্যায়

## The Finance Ordinance, 1986 (Ord. No. XLV of 1986) এর সংশোধন

**৪৪।** The Finance Ordinance, 1986 (XLV of 1986) এর section 11 বিলুপ্ত হইবে Ordinance No. XLV of 1986 এর সংশোধন

## ষষ্ঠ অধ্যায়

## মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর সংশোধন

১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ২ এর সংশোধন

**৪৫।** মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন), অতঃপর মূল্য সংযোজন কর আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর-

(ক) দফা (ডড) বিলুপ্ত হইবে;

(খ) দফা (থথ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (থথ), (থথথ) এবং (থথথথ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(থথ) "বাণিজ্যিক আমদানীকারক" বলিতে এমন ব্যক্তিকে বুঝাইবে, যিনি তৎকর্তৃক প্রথম তফসিলে উল্লিখিত পণ্য ব্যতীত অন্য যে কোন পণ্য আমদানীপূর্বক পণ্যের কোনরূপ আকৃতি, প্রকৃতি, বৈশিষ্ট্য বা গুণগত পরিবর্তন না করিয়া পণ্যের বিনিময়ে অন্য কোন ব্যক্তির নিকট বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করেন;

(থথথ) "বাণিজ্যিক দলিল" অর্থ কোন ব্যক্তির বাণিজ্যিক লেনদেন বা তাঁহার ব্যবসায়ের আর্থিক অবস্থাজ্ঞাপক কোন লেনদেন লিপিবদ্ধ করিবার জন্য উক্ত ব্যক্তি কর্তৃক রক্ষিত সংশ্লিষ্ট হিসাবরক্ষণ বহি বা নথিপত্র বা কাগজপত্র যথা, ডেবিট ভাউচার, ক্রেডিট ভাউচার, ক্যাশ মেমো, দৈনিক ক্রয়-বিক্রয় হিসাব, ক্যাশ বহি, প্রাথমিক বা জাবেদা বহি, ব্যাংক একাউন্ট ও তৎসংশ্লিষ্ট হিসাব বা নথিপত্র, রেওয়ামিল, খতিয়ান, আর্থিক বিবরণী ও বিশ্লেষণীসমূহ, লাভ-লোকসান হিসাব, লাভ-লোকসান সমন্বয় হিসাব, ব্যাংক হিসাব সমন্বয় ও স্থিতিপত্র এবং নিরীক্ষা প্রতিবেদনসহ সংশ্লিষ্ট যে কোন দলিল;

(থথথথ) "ব্যবসায়ী" বলিতে এমন ব্যক্তিকে বুঝাইবে যিনি তৎকর্তৃক আমদানীকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যের কোনরূপ আকৃতি, প্রকৃতি, বৈশিষ্ট্য বা গুণগত পরিবর্তন না করিয়া পণ্যের বিনিময়ে অন্য কোন ব্যক্তির নিকট বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করেন।";

(গ) দফা (ধ) এর পর নিম্নরূপ নূতন দফা (ধধ) সন্নিবেশিত হইবে, যথাঃ-

"(ধধ) "বৃহৎ করদাতা ইউনিট (Large Taxpayer Unit বা LTU)" অর্থ ধারা ৮ঘ এর অধীন গঠিত বৃহৎ করদাতা ইউনিট;"।

**৪৬।** মূল্য সংযোজন কর আইনের ধারা ৫ এর উপ-ধারা (২ক) এর পর নিম্নরূপ নূতন উপ–ধারা (২খ) সন্নিবেশিত হইবে, যথাঃ- ১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ৫ এর সংশোধন

"(২খ) কোন উৎপাদনকারী বা আমদানীকারক পণ্যের গায়ে বা ধারকে বা প্যাকেটে মুদ্রিত আকারে অভিন্ন মূল্যে পণ্য সরবরাহ করিতে চাহিলে উৎপাদনকারী কর্তৃক উৎপাদন পর্যায়ে এবং আমদানীকারক কর্তৃক সরবরাহ পর্যায়ে, বোর্ডের পূর্বানুমোদনক্রমে এবং সমূদয় কর পরিশোধ সাপেক্ষে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, উহা সরবরাহ করিতে পারিবে।"।

**৪৭।** মূল্য সংযোজন কর আইনের বিলুপ্ত ধারা ৮গ এর পর নিম্নরূপ নূতন ধারা ৮ঘ সন্নিবেশিত হইবে, যথাঃ- ১৯৯১ সনের ২২ নং আইন এ নূতন ধারা ৮ঘ এর সন্নিবেশ

"**৮ঘ। বৃহৎ করদাতা ইউনিট গঠন**।-বোর্ড, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, দেশের সমগ্র এলাকা বা কোন নির্দিষ্ট এলাকায় নির্দিষ্ট পরিসীমা বা শ্রেণীর করদাতার নিকট হইতে মূল্য সংযোজন কর আদায় ও তত্ত্বাবধানের জন্য উক্ত শ্রেণীর করদাতাদের সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক বৃহৎ করদাতা ইউনিট (Large Taxpayer Unit বা LTU) গঠন করিতে পারিবে।"।

**৪৮।** মূল্য সংযোজন কর আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর- ১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ৯ এর সংশোধন

(ক) দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(চ) করযোগ্য পণ্য উৎপাদন বা সরবরাহ বা করযোগ্য সেবা প্রদানের সহিত সম্পৃক্ত, বিধি দ্বারা নির্ধারিত, বিভিন্ন পণ্য ও সেবা এবং উহাদের উপর পরিশোধিত মূল্য সংযোজন করের হারের অতিরিক্ত মূল্য সংযোজন কর;";

(খ) দফা (ঞ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঞ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(ঞ) পণ্যের সরবরাহকারী, ব্যবসায়ী বা সেবা প্রদানকারীর নিবন্ধন সংখ্যা ব্যতীত অন্য কোন নিবন্ধন সংখ্যা সম্বলিত বিল অব এন্ট্রি বা চালানপত্রে উল্লিখিত উপকরণ কর;"।

**৪৯।** মূল্য সংযোজন কর আইনের ধারা ১৫ এর উপ-ধারা (৩) এর পর নিম্নবর্ণিত উপ-ধারা (৩ক) সন্নিবেশিত হইবে, যথাঃ- ১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ১৫ এর সংশোধন

"(৩ক) এই ধারার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কোন নির্দিষ্ট শ্রেণীর করযোগ্য পণ্যের সরবরাহকারী বা আমদানীকারক বা করযোগ্য সেবা প্রদানকারীর ক্ষেত্রে উপ-ধারা (৩) এর অধীন প্রদত্ত নিবন্ধনপত্রের মেয়াদ বিধি দ্বারা নির্ধারণ করা যাইবে এবং উক্ত বিধিতে নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে উক্তরূপ নিবন্ধনপত্র মেয়াদান্তে নবায়ন করা যাইবে।"।

১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ২০ এর সংশোধন

**৫০।** মূল্য সংযোজন কর আইনের ধারা ২০ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ২০ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"২০। **মূল্য সংযোজন কর কর্মকর্তাগণের নিয়োগ**।- বোর্ড, এই আইন ও বিধি কার্যকর করিবার উদ্দেশ্যে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রজ্ঞাপনে উল্লিখিত যে কোন এলাকার জন্য যে কোন ব্যক্তিকে-

(ক) কমিশনার, মূল্য সংযোজন কর;

(খ) কমিশনার (আপীল), মূল্য সংযোজন কর;

(গ) কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর;

(ঘ) মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর;

(ঙ) মহাপরিচালক, শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, মূল্য সংযোজন কর;

(চ) অতিরিক্ত কমিশনার বা অতিরিক্ত মহাপরিচালক, মূল্য সংযোজন কর;

(ছ) যুগ্ম-কমিশনার বা পরিচালক, মূল্য সংযোজন কর;

(জ) উপ-কমিশনার বা উপ-পরিচালক, মূল্য সংযোজন কর;

(ঝ) সহকারী কমিশনার বা সহকারী পরিচালক, মূল্য সংযোজন কর;

(ঞ) সুপারিন্টেনডেন্ট, মূল্য সংযোজন কর;

(ট) ইন্সপেক্টর, মূল্য সংযোজন কর; বা

(ঠ) অন্য যে কোন পদবীর মূল্য সংযোজন কর কর্মকর্তা,

নিয়োগ করিতে পারিবে।"।

১৯৯১ সনের ২২নং আইনের ধারা ২২ এর সংশোধন

**৫১।** মূল্য সংযোজন কর আইনের ধারা ২২ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ২২ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"২২। **ক্ষমতা অর্পণ**।- (১) বোর্ড, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রজ্ঞাপনে উল্লিখিত পরিসীমা ও শর্তাবলী (যদি থাকে) সাপেক্ষে, নাম বা পদবী উল্লেখপূর্বক-

(ক) যে কোন অতিরিক্ত কমিশনার বা অতিরিক্ত মহাপরিচালক, মূল্য সংযোজন করকে এই আইন বা বিধির অধীন কমিশনার বা মহাপরিচালক, মূল্য সংযোজন কর;

(খ) যে কোন যুগ্ম-কমিশনার বা পরিচালক, মূল্য সংযোজন করকে এই আইন বা বিধির অধীন অতিরিক্ত কমিশনার বা অতিরিক্ত মহাপরিচালক, মূল্য সংযোজন কর, বা কমিশনার বা মহাপরিচালক, মূল্য সংযোজন কর;

(গ) যে কোন উপ-কমিশনার বা উপ-পরিচালক, মূল্য সংযোজন করকে এই আইন বা বিধির অধীন যুগ্ম-কমিশনার বা পরিচালক, মূল্য সংযোজন কর, বা অতিরিক্ত কমিশনার বা অতিরিক্ত মহাপরিচালক, মূল্য সংযোজন কর;

(ঘ) যে কোন সহকারী কমিশনার বা সহকারী পরিচালক মূল্য সংযোজন করকে এই আইন বা বিধির অধীন উপ-কমিশনার বা উপ-পরিচালক, মূল্য সংযোজন কর;

(ঙ) অন্য যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে এই আইন বা বিধির অধীন সহকারী কমিশনার বা সহকারী পরিচালক, মূল্য সংযোজন কর,

এর যে কোন ক্ষমতা প্রয়োগের অধিকার অর্পণ করিতে পারিবেন।

(২) কোন ক্ষেত্রে বোর্ড ভিন্নতর নির্দেশ না দিলে, কমিশনার বা মহাপরিচালক তাহার অধঃস্তন যে কোন কর্মকর্তাকে, তাহার অধিক্ষেত্রের সর্বত্র বা কোন নির্দিষ্ট এলাকায়, এই আইন বা বিধির অধীন কমিশনারের বা মহাপরিচালকের বা এই আইনের অধীন অন্য যে কোন কর্মকর্তার যে কোন ক্ষমতা প্রয়োগের কর্তৃত্ব দান করিতে পারিবেন।"।

১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ২৬ এর সংশোধন

**৫২**। মূল্য সংযোজন কর আইনের ধারা ২৬ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ২৬ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"**২৬। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণের উৎপাদনস্থল, সেবাপ্রদানস্থল, ব্যবসায়স্থল ও ঘরবাড়ীতে প্রবেশ, মজুদ পণ্য, সেবা ও উপকরণ পরিদর্শন এবং হিসাব ও নথিপত্র পরীক্ষা করার অধিকার**।- (১) উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা বা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত-

(ক) যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির উৎপাদনস্থল বা সরবরাহস্থল বা সেবা প্রদানের স্থল বা ব্যবসায়স্থল বা সংশ্লিষ্ট অন্য কোন ঘরবাড়ী বা অঙ্গনে প্রবেশের অধিকার থাকিবে;

(খ) যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির উৎপাদন প্রক্রিয়া, মজুদ পণ্য, সেবা ও উপকরণ পরিদর্শন ও তদ্সংক্রান্ত হিসাব পরীক্ষা করিতে পারিবেন; এবং

(গ) যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা যে কোন সময় নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির মূল্য সংযোজন কর সংক্রান্ত পুস্তক, নথিপত্র, ও বাণিজ্যিক দলিলাদিসহ ব্যবসা সংক্রান্ত সকল দলিলাদি পরীক্ষা করিতে, উহা দাখিল করিবার নির্দেশ প্রদান করিতে বা আটক করিতে বা এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় অন্যান্য কার্য করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত স্থান কাহারো আবাসস্থল হইলে উক্ত কর্মকর্তা, উক্ত আবাসস্থলের স্বত্বাধিকারী বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা তত্ত্বাবধানকারীকে যথাযথ নোটিশ প্রদান ব্যতিরেকে, উহাতে প্রবেশ করিতে পারিবেন না, তবে ধারা ৪৮ক এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার ক্ষেত্রে অনুরূপ নোটিশ প্রদানের প্রয়োজন হইবে না।

(৩) এই আইনের অধীন কোন দায়িত্ব পালনের প্রয়োজনে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা উপ-ধারা (১) এ উল্লিখিত কোন স্থানে প্রবেশ করিলে উক্ত স্থানের স্বত্বাধিকারী, তত্ত্বাবধানকারী বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উক্ত কর্মকর্তার চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য, দলিলাদি বা নমুনা সরবরাহসহ অন্যান্য সকল যুক্তিসঙ্গত সহায়তা প্রদান করিবেন।

(৪) এই ধারার অধীন কোন তথ্য, দলিলাদি বা নমুনা প্রাপ্তির পর যদি দেখা যায় যে, সংশ্লিষ্ট নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি কোন রাজস্ব ফাঁকি দিয়াছেন বা কোন অনিয়ম করিয়াছেন তাহা হইলে তৎসম্পর্কে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এই আইনের অধীন যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৫) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের সুপারিন্টেনডেন্ট তাঁহার এখতিয়ারাধীন এলাকায় কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির উৎপাদনস্থল বা সরবরাহস্থল বা সেবা প্রদানস্থল বা ব্যবসায়স্থল পরিদর্শন এবং মজুদ পণ্য, সেবা, উপকরণ ও হিসাব পরীক্ষা করিতে পারিবেন।

(৬) এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, টার্নওভার করের আওতায় তালিকাভুক্ত বা তালিকাভুক্তিযোগ্য প্রতিষ্ঠান এবং কুটির শিল্পের সুবিধাপ্রাপ্ত বা সুবিধা দাবীকারী প্রতিষ্ঠানও নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি বলিয়া গণ্য হইবে।"।

**১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ২৬ক এর প্রতিস্থাপন**

**৫৩।** মূল্য সংযোজন কর আইনের ধারা ২৬ক এর পরিবর্তে নিম্নরূপ ধারা ২৬ক ও ২৬খ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"**২৬ক। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিরীক্ষার আদেশদান ও বোর্ড কর্তৃক নিরীক্ষক নিয়োগ।**- (১) যুগ্ম-কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য প্রতিষ্ঠানের কোন নির্দিষ্ট মেয়াদের কর, কর সংশ্লিষ্ট কার্যক্রম নিরীক্ষা

(অডিট) করার জন্য আদেশ দিতে পারিবেন এবং এতদুদ্দেশ্যে আদেশপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মকর্তাগণ এই আইন ও তদধীনে প্রণীত বিধিমালাসহ বোর্ড কর্তৃক জারীকৃত আদেশ ও অডিট ম্যানুয়েলের ভিত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা সম্পন্ন করিয়া আদেশ দানকারী কর্মকর্তার নিকট প্রতিবেদন দাখিল করিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন নিরীক্ষা প্রতিবেদন পাওয়ার পর নিরীক্ষায় উদ্‌ঘাটিত রাজস্ব ফাঁকি ও অনিময়ের বিষয়ে আদেশ দানকারী কর্মকর্তা নিশ্চিত হইয়া সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা বা সার্কেল সুপারিন্টেনডেন্টকে আইনগত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিবেন এবং নিরীক্ষিত প্রতিষ্ঠানের আইনসঙ্গত কোন আপত্তি থাকিলে উহা নিষ্পত্তি করিবেন এবং তিনি উল্লিখিত নিরীক্ষা কার্যক্রমের বিষয়ে সময়ে সময়ে কমিশনার বা সংশ্লিষ্ট মহাপরিচালককে অবহিত করিবেন।

(৩) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির মজুদ পণ্য পারিদর্শন ও হিসাব পরীক্ষা করিবার জন্য বোর্ড, আদেশ দ্বারা, যুক্তিসঙ্গত পরিশ্রমিক নির্ধারণ ও শর্তাদি স্থিরক্রমে কোন নিরীক্ষক (অডিটর) নিয়োগ করিতে পারিবে; এবং উক্ত নিয়োগপ্রাপ্ত নিরীক্ষক এই ধারার উদ্দেশ্যে একজন মূল্য সংযোজন কর কর্মকর্তা হিসাবে বিবেচিত হইবেন।"।

(৪) এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে টার্নওভার করের আওতায় তালিকাভুক্ত বা তালিকাভুক্তিযোগ্য প্রতিষ্ঠান এবং কুটির শিল্পের সুবিধাপ্রাপ্ত বা সুবিধা দাবীকারী প্রতিষ্ঠানও নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি বলিয়া গণ্য হইবে।

২৬খ। **তত্ত্বাবধানাধীন সরবরাহ (Supervised Supply), পর্যবেক্ষণ ও নজরদারী সংক্রান্ত বিধান**।- (১) এই আইনের ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এর উদ্দেশ্য পূরণকল্পে কমিশনার কোন নিবন্ধিত ব্যক্তির উৎপাদনস্থল, সরবরাহস্থল, সেবা প্রদানস্থল বা ব্যবসায়স্থলে পর্যবেক্ষণ, নজরদারী ও তত্ত্বাবধানাধীন সরবরাহ নিশ্চিত করার জন্য এক বা একাধিক মূল্য সংযোজন কর কর্মকর্তা নিয়োগ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিতে পারিবেন।

(২) কমিশনারের যদি বিশ্বাস করিবার যথেষ্ট কারণ থাকে যে, কোন করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারী পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে প্রাপ্য পণ ও করের হিসাব সঠিকভাবে মূল্য সংযোজন কর সংক্রান্ত পুস্তক ও বাণিজ্যিক দলিলাদিতে উল্লেখ বা দাখিলপত্রে ঘোষণা প্রদান করেন না, অথবা পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে চালানপত্র ইস্যু করেন না বা চালানপত্র ইস্যু করিলেও আইনানুগভাবে ইস্যু করেন না অথবা কর প্রদানের দায়-দায়িত্ব পরিহারের উদ্দেশ্যে মূল্য সংযোজন কর কর্তৃপক্ষকে করযোগ্য পণ্য ও সেবার লেনদেন বা বিক্রয় সংক্রান্ত তথ্য প্রদান করেন না অথবা অসত্য তথ্য প্রদান করেন, তাহা হইলে তিনি উক্ত ব্যক্তির প্রকৃত করের দায়-

দায়িত্ব নিরূপণের লক্ষ্যে, তিনি যেই সময় পর্যন্ত যুক্তিযুক্ত মনে করেন সেই সময় পর্যন্ত উক্ত ব্যক্তির পণ্য সরবরাহ বা সেবা প্রদান বা ব্যবসায়স্থলে পর্যবেক্ষণ, নজরদারী ও তত্ত্বাবধানাধীন সরবরাহ নিশ্চিত করার উদ্দেশ্যে এক বা একাধিক মূল্য সংযোজন কর কর্মকর্তা নিয়োগ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিতে পারিবেন।

(৩) উপ-ধারা (১) ও (২) এর অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা উল্লিখিত করদাতার পণ্য সরবরাহ অথবা সেবা প্রদান কার্যক্রম পর্যবেক্ষণ, নজরদারী ও তত্ত্বাবধান করিতে পারিবেন এবং এইরূপ পর্যবেক্ষণ বা নজরদারী বা তত্ত্বাবধানের মাধ্যমে প্রাপ্ত করযোগ্য পণ্য বা সেবার লেনদেন বা বিক্রয় বা প্রযোজ্য কর সংক্রান্ত তথ্য কমিশনাররের নিকট উপস্থাপন করিবেন, যাহার ভিত্তিতে কমিশনার উক্ত করদাতার সংশ্লিষ্ট করমেয়াদ বা অন্য যে কোন করমেয়াদের কর নির্ধারণ করিতে পারিবেন।

(৪) যদি কমিশনারের বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, কোন করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারী ধারা ৩২ অনুযায়ী চালানপত্র প্রদান করেন না বা অসত্য চালানপত্র প্রদান করেন অথবা ধারা ৩১ মোতাবেক রক্ষিত হিসাবপত্রে বা ধারা ৩৫ এর অধীনে প্রদত্ত কোন কর মেয়াদের দাখিলপত্রে বিক্রয় মূল্য বা সর্বমোট প্রাপ্তি সঠিকভাবে প্রদর্শন করেন না, সেইক্ষেত্রে তিনি উক্ত করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারীর সহিত তুলনীয় অভিন্ন অবস্থান, পরিবেশ ও পরিস্থিতিসম্পন্ন অনুরূপ করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকরীর বিক্রয় মূল্য বা সর্বমোট প্রাপ্তি বা অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি বিবেচনাপূর্বক প্রথম লব্ধ ধারণার ভিত্তিতে বিবেচ্য করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারীর জন্য প্রতি করমেয়াদে ন্যূনতম বিক্রয়ের পরিমাণ, মূল্য সংযোজনের পরিমাণ, প্রদেয় করের ভিত্তিমূল্য বা প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করিতে পারিবেন।

(৫) এই ধারার বিধান কার্যকর করার ক্ষেত্রে করদাতার অনুকূলে শুনানির সুযোগদান সংক্রান্ত আইনের অন্যান্য বিধানাবলী অনুসরণ করিতে হইবে।"।

১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ২৭ এর সংশোধন

**৫৪।** মূল্য সংযোজন কর আইনের ধারা ২৭ এর উপ-ধারা (১) এর "কমিশনার অথবা বিভাগীয় কর্মকর্তার" শব্দগুলির পরিবর্তে "সহকারী কমিশনার এর পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ মূল্য সংযোজন কর কর্মকর্তার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ৩৭ এর সংশোধন

**৫৫।** মূল্য সংযোজন কর আইনের ধারা ৩৭ এর উপ-ধারা (২) এর দফা (খ) এর পর নিম্নরূপ নূতন দফা (খখ) সন্নিবেশিত হইবে, যথাঃ-

"(খখ) বিক্রয় হিসাব পুস্তক (মূসক-১৭) এ বিক্রয় সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ না করিয়া এবং চলতি হিসাব পুস্তক (মূসক-১৮) এ প্রদেয় মূল্য সংযোজন কর লিপিবদ্ধ না করিয়া পণ্য সরবরাহপূর্বক মূল্য সংযোজন কর ফাঁকি দেওয়ার চেষ্টা করেন; অথবা"।

**৫৬।** মূল্য সংযোজন কর আইনের ধারা ৩৮ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর পর নিম্নরূপ নূতন দফা (কক) সন্নিবেশিত হইবে, যথাঃ- ১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ৩৮ এর সংশোধন

"(কক) চালানপত্রে প্রদর্শিত কর অথবা সংশ্লিষ্ট পণ্য বা সেবার উপর প্রযোজ্য কর পরিশোধ ব্যতীত পণ্য সরবরাহ বা সেবা প্রদান করেন; বা"।

**৫৭।** মূল্য সংযোজন কর আইনের ধারা ৪২ এর উপ-ধারা (২) এর - ১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ৪২ এর সংশোধন

(ক) দফা (ক) এর "পাঁচ শতাংশ" শব্দগুলির পরিবর্তে "দশ শতাংশ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ক) এর শেষ প্রান্তস্থিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে এবং অতঃপর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) ও (গ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(খ) কমিশনার বা তাঁহার সমমর্যাদার কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার আদেশের বিরুদ্ধে Appellate Tribunal এ দায়ের করা হইলে, দাবীকৃত কর বা আরোপিত অর্থ দণ্ডের পঁচিশ শতাংশ; এবং

(গ) কমিশনার (আপীল) এর আদেশের বিরুদ্ধে Appellate Tribunal এ দায়ের করা হইলে দাবীকৃত কর বা আরোপিত অর্থ দণ্ডের পনের শতাংশ;"।

**৫৮।** মূল্য সংযোজন কর আইনের ধারা ৪৮ এর "বোর্ড বা বোর্ডের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত যথাযথ এখতিয়ারসম্পন্ন কমিশনার, মূল্য সংযোজন কর বা মহাপরিচালক, পরিদর্শন পরিদপ্তর (কাস্টমস এন্ড এক্সাইজ) বা" শব্দগুলি বিলুপ্ত হইবে। ১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ৪৮ এর সংশোধন

**৫৯।** মূল্য সংযোজন কর আইনের ধারা ৫১ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৫১ প্রতিস্থাপিত হইবে, যথাঃ- ১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ৫১ এর প্রতিস্থাপন

"**৫১। তল্লাশী ও গ্রেফতার পদ্ধতি।-** এই আইন বা তদধীন প্রণীত বিধির অধীন যে কোন তল্লাশী বা গ্রেফতার Code of Criminal Procedure এর বিধানাবলী অনুযায়ী পরিচালিত হইবে।"।

**৬০।** মূল্য সংযোজন কর আইনের ধারা ৫৬ এর উপ-ধারা (১) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (১ক) সন্নিবেশিত হইবে, যথাঃ- ১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ৫৬ এর সংশোধন

"(১ক) কোন ব্যক্তির নিকট হইতে উপ-ধারা (১) এ বর্ণিত পাওনা সম্পূর্ণরূপে আদায় না হওয়া পর্যন্ত বা উক্তরূপ পাওনার আইনানুগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত, সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত ব্যক্তির নিবন্ধনপত্রের কার্যকারিতা স্থগিত

রাখিতে পারিবেন এবং সমুদ্র বন্দর, বিমান বন্দর, অন্য কোন শুল্ক স্টেশন অথবা শুল্কাধীন পণ্যাগারে রক্ষিত সেই ব্যক্তির মালিকানাধীন কোন পণ্যের খালাস কার্যক্রম বন্ধ রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করিতে পারিবেন।

**ব্যাখ্যা।-** এই উপ-ধারায় "নিবন্ধনপত্রের কার্যকারিতা স্থগিত" অর্থে কম্পিউটারাইজড বিল অব এন্ট্রি প্রসেসিং সিস্টেম মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর (BIN) বন্ধ (Lock) করিয়া রাখাও অন্তর্ভুক্ত হইবে।"।

১৯৯১ সনের ২২ নং আইনের প্রথম তফসিলের প্রতিস্থাপন

**৬১।** মূল্য সংযোজন কর আইনের প্রথম তফসিলের পরিবর্তে এই আইনের তফসিল ৪ এ বর্ণিত প্রথম তফসিল প্রতিস্থাপিত হইবে।

১৯৯১ সনের ২২ নং আইনের দ্বিতীয় তফসিলের প্রতিস্থাপন

**৬২।** মূল্য সংযোজন কর আইনের দ্বিতীয় তফসিলের পরিবর্তে এই আইনের তফসিল ৫ এ বর্ণিত দ্বিতীয় তফসিল প্রতিস্থাপিত হইবে।

১৯৯১ সনের ২২ নং আইনের তৃতীয় তফসিলের প্রতিস্থাপন

**৬৩।** মূল্য সংযোজন কর আইনের তৃতীয় তফসিলের পরিবর্তে এই আইনের তফসিল ৬ এ বর্ণিত তৃতীয় তফসিল প্রতিস্থাপিত হইবে।

## সপ্তম অধ্যায়

## ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন) এর অধিকতর সংশোধন

২০০৩ সনের ৫নং আইনের ধারা ২ এর সংশোধন

**৬৪।** ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন) এর ধারা ২ এর উপ-ধারা (গগ) বিলুপ্ত হইবে।

২০০৩ সনের ৫নং আইনের ধারা ৩ এর সংশোধন

**৬৫।** ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৩) এর দফা (ঙ) এর পর নিম্নরূপ উপ-দফা (চ) সংযোজিত হইবে, যথাঃ-

"(চ) বারো বৎসর পর্যন্ত বয়সের যাত্রীদের ক্ষেত্রে উপ-ধারা (ক), (খ), (গ), (ঘ) এবং (ঙ) তে উল্লিখিত হারের অর্ধেক হারে।"

২০০৩ সনের ৫নং আইনের ধারা ৪ এর সংশোধন

**৬৬।** ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন) এর ধারা ৪ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(ক) পাঁচ বৎসর বা তাহার চেয়ে কম বয়সের কোন যাত্রী;"।

**অষ্টম অধ্যায়**
**তফসিল-১**
**(ধারা ৩ দ্রষ্টব্য)**

**FIRST SCHEDULE**
(See Section-3)
PART-II
**SERVICES.**

| **Service Code** | **Description of services** | **Statutory Rate** |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| S032.00 | Services rendered by bank-<br>Explanation:- In this item, "services rendered by bank" shall mean the services rendered by a schedule bank as defined in the Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of 1972) by the way of maintaining deposit account. | Tk. 10,000 per deposit account per year. |
| S033.00 | **Services rendered by Airline-**<br>Explanation:- In this item, "services rendered by airline" shall mean the services rendered by an airline through issuing a domestic "Airline Ticket per seat" which may involve one or more stops over on its way to ultimate airport of destination. | Tk. 500 per issuance of domestic Airline Ticket per seat for single journey. |

**তফসিল-২**
**[অর্থ আইন, ২০০৪ এর ধারা ১০ দ্রষ্টব্য]**

**[The Customs Act, 1969 (Act IV of 1969) এর FIRST SCHEDULE এর প্রতিস্থাপন]**
(আলাদাভাবে মুদ্রিত)

[The Customs Act, 1969 (Act IV of 1969) এর প্রতিস্থাপিত FIRST SCHEDULE এ নিম্নলিখিত সংশোধনীসমূহ অন্তর্ভুক্ত হইবে:]

১। The Customs Act, 1969 (Act IV of 1969) এর FIRST SCHEDULE এর Heading No. 38.08 এর আওতাভুক্ত H.S. Codes 3808.10.10, 3808.20.11, 3808.30.10, 3808.40.10 এবং 3808.90.10 এর বিপরীতে কলাম (৩) তে উল্লিখিত Description এর পরিবর্তে নিম্নরূপ Description প্রতিস্থাপিত হইবে, যথা:-

"---For Dairy, Poultry & Agricultural Purposes"

২। The Customs Act, 1969 (Act IV of 1969) এর FIRST SCHEDULE এর Heading No. 87.02 এর আওতাভুক্ত H.S. Codes 8702.90.50 এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | | | | |
|---|---|---|---|---|---|
| “8702.90.51 | --- | Having a seating capacity of 40 or more using CNG as fuel in CKD condition | u | 7.5% | Free |
| 8702.90.59 | --- | Other Motor Vehicles in CKD condition | u | 15% | Free” |

**তফসিল-৩**

**[অর্থ আইন, ২০০৪ এর ধারা ৪৩ দ্রষ্টব্য]**

**[১লা জুলাই ২০০৪ ও ১লা জুলাই ২০০৫ তারিখে আরব্ধ কর বৎসরের জন্য আয়করের হার]**

**অনুচ্ছেদ-ক**

Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 2(46) এ সংজ্ঞায়িত ব্যক্তিগণের (person) মধ্যে যাহাদের ক্ষেত্রে প্রথম অংশের অনুচ্ছেদ-খ প্রযোজ্য হইবে না সেই সকল প্রত্যেক ব্যক্তি-করদাতা (অনিবাসী বাংলাদেশী সহ), হিন্দু যৌথ পরিবার, অংশীদারী ফার্ম, ব্যক্তি-সংঘ এবং আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তির ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ হইবে, যথা:-

| মোট আয় | হার |
|---|---|
| (ক) প্রথম ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --- | শূন্য |
| (খ) পরবর্তী ২,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --- | ১০% |
| (গ) পরবর্তী ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --- | ১৫% |
| (ঘ) পরবর্তী ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --- | ২০% |
| (ঙ) অবশিষ্ট মোট আয়ের উপর -------------------------- | ২৫%: |

তবে শর্ত থাকে যে, ন্যূনতম করের পরিমাণ কোন ভাবেই ১,৫০০/- টাকার কম হইবে না:

আরও শর্ত থাকে যে, কোন করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (Less Developed Area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (Least Developed Area) অবস্থিত কোন ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হন এবং উক্ত কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্প হইতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত লাভ করিবেন:-

| **বিবরণ** | **রেয়াতের হার** |
|---|---|
| (অ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে, | সেই ক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%; |

| | |
|---|---|
| (আ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক হয়, | সেই ক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০%; |

**ব্যাখ্যা।-** এই অনুচ্ছেদে "সবচেয়ে কম উন্নত এলাকা (Least Developed Area)" বা "স্বল্প উন্নত এলাকা (Less Developed Area)" অর্থ Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 45 (2A) এর clause (b) এবং (c) এর বিধান অনুসারে বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত সবচেয়ে কম উন্নত এলাকা (Least Developed Area) বা স্বল্প উন্নত এলাকা (Less Developed Area)।

**<u>অনুচ্ছেদ-খ</u>**

কোম্পানী, স্থানীয় কর্তৃপক্ষ এবং সেই সকল করদাতা যাহাদের ক্ষেত্রে Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) অনুযায়ী সর্বোচ্চ হারে (at the maximum rate) আয়কর আরোপিত হয়-

(১) বাংলাদেশে যে কোম্পানীর রেজিস্ট্রীকৃত অফিস অবস্থিত সেই কোম্পানী হইতে লব্ধ ডিভিডেন্ড আয় ব্যতিরেকে অন্য সর্ব প্রকার আয়ের উপর-

| | |
|---|---|
| (ক) দফা (খ) তে বর্ণিত কোম্পানীসমূহের ক্ষেত্র ব্যতীত, | |
| (অ) এইরূপ প্রত্যেকটি কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company---- | উক্ত আয়ের ৩০ শতাংশ:<br><br>তবে শর্ত থাকে যে এইরূপ publicly traded company যদি ২০ শতাংশ এর চেয়ে বেশী লভ্যাংশ প্রদান করে তাহা হইলে প্রযোজ্য আয়করের উপর ১০ শতাংশ হারে আয়কর রেয়াত লাভ করিবে:<br><br>আরও শর্ত থাকে যে এইরূপ publicly traded company যদি ১০ শতাংশের কম লভ্যাংশ ঘোষণা করে অথবা সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ঘোষিত লভ্যাংশ প্রদান না করে তাহা হইলে উক্ত publicly traded company এর কর হার হইবে ৩৭.৫ শতাংশ; |

| | |
|---|---|
| (আ) এইরূপ প্রত্যেকটি কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company নহে, এবং স্থানীয় কর্তৃপক্ষসহ Income Tax Ordinance, 1984 এর section 2 এর clause (20) এর sub-clause (a), (b), (bb), (bbb) I(c) এর আওতাধীন অন্যান্য কোম্পানীর ক্ষেত্রে--- | উক্ত আয়ের ৩৭.৫ শতাংশ; |
| (খ) ব্যাংক, বীমা, অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে--- | উক্ত আয়ের ৪৫ শতাংশ। |
| (২) Income Tax Ordinance, 1984 এর section 16D অনুসারে dividend distribution tax আরোপযোগ্য নয় এইরূপ লভ্যাংশ আয়ের উপর প্রযোজ্য কর--- | উক্ত আয়ের ১৫ শতাংশ |
| (৩) কোম্পানী নহে, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এইরূপ ব্যক্তি শ্রেণীভুক্ত করদাতার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর; | উক্ত আয়ের ২৫ শতাংশ। |

**ব্যাখ্যা।-** এই অনুচ্ছেদে "publicly traded company" বলিতে এইরূপ কোন পাবলিক লিমিটেড কোম্পানী বুঝাইবে যাহা Companies Act, 1913 (VII of 1913) বা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন) অনুসারে বাংলাদেশে নিবন্ধিত এবং যে আয় বৎসরের আয়কর নির্ধারণ করা হইবে সেই আয় বৎসরের সমাপ্তির পূর্বে উক্ত কোম্পানীটির শেয়ার স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হইতে হইবে।

## তফসিল - ৪

**[অর্থ আইন, ২০০৪ এর ধারা ৬১ দ্রষ্টব্য]**

### প্রথম তফসিল

(মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩ দ্রষ্টব্য)

**[মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্যসমূহ]**

১। মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০ নং আইন) এর দ্বিতীয় তফসিলে উল্লিখিত সকল পণ্য, বাংলাদেশে প্রস্তুতকরণ বা উৎপাদনের ক্ষেত্রে।

২। Customs Act এর First Schedule এর নিম্নবর্ণিত Heading No. সমূহের বিপরীতে উল্লিখিত Harmonised Commodity Description and Coding System (H.S.Code) এর আওতাধীন পণ্যসমূহঃ

| শিরোনামা সংখ্যা **(Heading No.)** | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড **(H.S.Code)** | পণ্য সামগ্রীর বিবরণ **(Description of goods)** |
|---|---|---|
| ০১.০১ | শিরোনামার অধীন সকল কোডসমূহ | জীবন্ত ঘোড়া, গাধা, খচ্চর, ঘোটক |
| ০১.০২ | ” | জীবন্ত গবাদি পশুসমূহ |
| ০১.০৩ | ” | জীবন্ত শুকর |
| ০১.০৪ | ” | জীবন্ত ভেড়া এবং ছাগল |
| ০১.০৫ | ” | জীবন্ত পক্ষিসমূহ, যাহা গ্যালাস ডোমেস্টিকাস প্রজাতির পক্ষিসমূহ, পাতিহাঁস, হংসী, টার্কি এবং গিনি পক্ষিসমূহকেও অন্তর্ভুক্ত করিবে |
| ০১.০৬ | শিরোনামার অধীন সকল কোড | অন্যান্য জীবন্ত পশুসমূহ |
| ০২.০১ | ০২০১.১০.১০<br>০২০১.২০.১০<br>০২০১.৩০.১০ | গবাদি পশুর মাংস, তাজা অথবা ঠাণ্ডা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০২.০২ | ০২০২.১০.১০<br>০২০২.২০.১০<br>০২০২.৩০.১০ | গবাদি পশুর মাংস, হিমায়িত (মোড়ক বা টিনজাত নহে) |
| ০২.০৩ | ০২০৩.১১.১০<br>০২০৩.১২.১০<br>০২০৩.১৯.১০<br>০২০৩.২১.১০<br>০২০৩.২২.১০<br>০২০৩.২৯.১০ | শুকরের মাংস, তাজা, ঠাণ্ডা অথবা হিমায়িত (মোড়ক বা টিনজাত নহে) |
| ০২.০৪ | ০২০৪.১০.১০<br>০২০৪.২১.১০<br>০২০৪.২২.১০<br>০২০৪.২৩.১০ | ভেড়া অথবা ছাগলের মাংস, তাজা, ঠাণ্ডা অথবা হিমায়িত (মোড়ক বা টিনজাত নহে) |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| | ০২০৪.৩০.১০ | |
| | ০২০৪.৪১.১০ | |
| | ০২০৪.৪২.১০ | |
| | ০২০৪.৪৩.১০ | |
| | ০২০৪.৫০.১০ | |
| ০২.০৫ | ০২০৫.০০.১০ | ঘোড়া, গাধা, খচ্চর অথবা ঘোটকের মাংস, তাজা, ঠাণ্ডা অথবা হিমায়িত (মোড়ক বা টিনজাত নহে) |
| ০২.০৬ | ০২০৬.১০.১০ | গবাদি পশু, শুকর, ভেড়া, ছাগল, ঘোড়া, গাধা, খচ্চর অথবা ঘোটকের ভোজ্য নাড়িভূড়ি, তাজা, ঠাণ্ডা অথবা হিমায়িত (মোড়ক বা টিনজাত নহে) |
| | ০২০৬.২১.১০ | |
| | ০২০৬.২২.১০ | |
| | ০২০৬.২৯.১০ | |
| | ০২০৬.৩০.১০ | |
| | ০২০৬.৪১.১০ | |
| | ০২০৬.৪৯.১০ | |
| | ০২০৬.৮০.১০ | |
| | ০২০৬.৯০.১০ | |
| ০২.০৭ | ০২০৭.১১.১০ | ০১.০৫ এর শ্রেণীভুক্ত হাঁস মুরগীর মাংস এবং ভোজ্য নাড়িভূঁড়ি, তাজা, ঠাণ্ডা অথবা হিমায়িত (মোড়ক বা টিনজাত নহে) |
| | ০২০৭.১২.১০ | |
| | ০২০৭.১৩.১০ | |
| | ০২০৭.১৪.১০ | |
| | ০২০৭.২৪.১০ | |
| | ০২০৭.২৫.১০ | |
| | ০২০৭.২৬.১০ | |
| | ০২০৭.২৭.১০ | |
| | ০২০৭.৩২.১০ | |
| | ০২০৭.৩৩.১০ | |
| | ০২০৭.৩৪.১০ | |
| | ০২০৭.৩৫.১০ | |
| | ০২০৭.৩৬.১০ | |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০২.০৮ | ০২০৮.১০.১০<br>০২০৮.২০.১০<br>০২০৮.৩০.১০<br>০২০৮.৪০.১০<br>০২০৮.৫০.১০<br>০২০৮.৯০.১০ | অন্যান্য মাংস ও ভোজ্য নাড়িভূড়ি, তাজা, ঠাণ্ডা অথবা হিমায়িত (মোড়ক বা টিনজাত নহে) |
| ০২.০৯ | ০২০৯.০০.০০ | শুকরের মেদবিহীন মাংস এবং গৃহপালিত পক্ষিসমূহের মেদ (গলানো নহে) তাজা, ঠাণ্ডা, হিমায়িত, লবণাক্ত, শুকনা বা ধূমায়িত (মোড়ক বা টিনজাত নহে) |
| ০২.১০ | ০২১০.১১.১০<br>০২১০.১২.১০<br>০২১০.১৯.১০<br>০২১০.২০.১০<br>০২১০.৯১.১০<br>০২১০.৯২.১০<br>০২১০.৯৩.১০<br>০২১০.৯৯.১০ | ভোজ্য মাংস ও নাড়িভূঁড়ি, লবণাক্ত, ধূমায়িত অথবা শুকনা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৩.০১ | শিরোনামার অধীনে সকল কোডসমূহ | জীবন্ত মাছ |
| ০৩.০২ | ০৩০২.১১.১০<br>০৩০২.১২.১০<br>০৩০২.১৯.১১<br>০৩০২.১৯.১৯<br>০৩০২.২১.১০<br>০৩০২.২২.১০<br>০৩০২.২৩.১০<br>০৩০২.২৯.১০<br>০৩০২.৩১.১০<br>০৩০২.৩২.১০ | মোড়ক বা টিনজাত নহে এইরূপ তাজা অথবা ঠাণ্ডা মাছ (০৩.০৪ হেডিংভুক্ত কাঁটা ছাড়ানো মাছ এবং মাছের অন্যান্য মাংস ব্যতীত) |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| | ০৩০২.৩৩.১০ | |
| | ০৩০২.৩৪.১০ | |
| | ০৩০২.৩৫.১০ | |
| | ০৩০২.৩৬.১০ | |
| | ০৩০২.৩৯.১০ | |
| | ০৩০২.৪০.১০ | |
| | ০৩০২.৫০.১০ | |
| | ০৩০২.৬১.১০ | |
| | ০৩০২.৬২.১০ | |
| | ০৩০২.৬৩.১০ | |
| | ০৩০২.৬৪.১০ | |
| | ০৩০২.৬৫.১০ | |
| | ০৩০২.৬৬.১০ | |
| | ০৩০২.৬৯.১০ | |
| | ০৩০২.৭০.১০ | |
| ০৩.০৩ | ০৩০৩.১১.১০ | মোড়ক বা টিনজাত নহে এইরূপ হিমায়িত মাছ (০৩.০৪ হেডিংভুক্ত কাঁটা ছাড়ানো মাছ এবং মাছের অন্যান্য অংশ ব্যতীত) |
| | ০৩০৩.১৯.১০ | |
| | ০৩০৩.২১.১০ | |
| | ০৩০৩.২২.১০ | |
| | ০৩০৩.২৯.১১ | |
| | ০৩০৩.২৯.১৯ | |
| | ০৩০৩.৩১.১০ | |
| | ০৩০৩.৩২.১০ | |
| | ০৩০৩.৩৩.১০ | |
| | ০৩০৩.৩৯.১০ | |
| | ০৩০৩.৪১.১০ | |
| | ০৩০৩.৪২.১০ | |
| | ০৩০৩.৪৩.১০ | |
| | ০৩০৩.৪৪.১০ | |
| | ০৩০৩.৪৫.১০ | |
| | ০৩০৩.৪৬.১০ | |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| | ০৩০৩.৪৯.১০ | |
| | ০৩০৩.৫০.১০ | |
| | ০৩০৩.৬০.১০ | |
| | ০৩০৩.৭১.১০ | |
| | ০৩০৩.৭২.১০ | |
| | ০৩০৩.৭৩.১০ | |
| | ০৩০৩.৭৪.১০ | |
| | ০৩০৩.৭৫.১০ | |
| | ০৩০৩.৭৬.১০ | |
| | ০৩০৩.৭৭.১০ | |
| | ০৩০৩.৭৮.১০ | |
| | ০৩০৩.৭৯.১০ | |
| | ০৩০৩.৮০.১০ | |
| ০৩.০৪ | ০৩০৪.১০.১০<br>০৩০৪.২০.১০<br>০৩০৪.৯০.১০ | কাঁটা ছাড়ানো মাছ ও মাছের অন্যান্য মাংস, (কিমাকৃত হউক বা না হউক) তাজা, ঠাণ্ডা বা হিমায়িত (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৩.০৫ | ০৩০৫.১০.১০<br>০৩০৫.২০.১০<br>০৩০৫.৩০.১০<br>০৩০৫.৪১.১০<br>০৩০৫.৪২.১০<br>০৩০৫.৪৯.১০<br>০৩০৫.৫১.১০<br>০৩০৫.৫৯.১০<br>০৩০৫.৬১.১০<br>০৩০৫.৬২.১০<br>০৩০৫.৬৩.১০<br>০৩০৫.৬৯.১০ | শুকনা, লবণাক্ত মাছ, ধূমায়নকালে রন্ধিত বা লবণ পানিতে সংরক্ষিত মাছ; ধূমায়িত হউক বা না হউক; মানুষের ভোগের যোগ্য মাছের গুঁড়া (মোড়ক বা টিনজাত নহে) |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০৩.০৭ | ০৩০৭.১০.১০<br>০৩০৭.২১.১০<br>০৩০৭.২৯.১০<br>০৩০৭.৩১.১০<br>০৩০৭.৩৯.১০<br>০৩০৭.৪১.১০<br>০৩০৭.৪৯.১০<br>০৩০৭.৫১.১০<br>০৩০৭.৫৯.১০<br>০৩০৭.৬০.১০<br>০৩০৭.৯১.১০<br>০৩০৭.৯৯.১০ | খোলকযুক্ত অথবা খোলক ছাড়ানো, জীবন্ত, তাজা, ঠাণ্ডা, হিমায়িত, শুকনা, লবণাক্ত বা লবণ পানিতে সংরক্ষিত শামুক জাতীয় প্রাণী; শামুক বা কাঁকড়া জাতীয় প্রাণী ব্যতীত অন্যান্য জলজ অমেরুদণ্ডী প্রাণী জীবন্ত, তাজা, ঠাণ্ডা, হিমায়িত, শুকনা, লবণাক্ত বা লোনা পানিতে সংরক্ষিত (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৪.০১ | ০৪০১.১০.১০<br>০৪০১.২০.১০<br>০৪১০.৩০.১০ | দুধ এবং ননী, ঘনীভূত নয় বা চিনি বা অন্য কোন মিষ্টি জাতীয় পদার্থ মিশ্রিত নহে (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৪.০৭ | ০৪০১.০০.১০ | খোলকসহ পাখির ডিম, তাজা, সংরক্ষিত বা রন্ধনকৃত (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৪.০৯ | শিরোনামার অধীনে সকল কোডসমূহ | প্রাকৃতিক মধু (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৪.১০ | ” | অন্যত্র অন্তর্ভুক্ত বা বর্ণিত হয় নাই পশু হইতে উদ্ভূত এইরূপ ভোজ্য সামগ্রী (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৫.০১ | ” | অপ্রক্রিয়াজাত মানুষের চুল, ধৌত বা পালিশ করা হউক বা না হউক; মানুষের চুলের বর্জ্য |
| ০৫.০২ | ” | শূকর, শূকর ছানা বা পুরুষ শূকরের লোম এবং চুল; ব্যাজ্যার এর লোম এবং ব্রাশ তৈয়ারীতে ব্যবহার উপযোগী অন্যান্য লোম; বা এইরূপ চুল বা লোমের অপ্রক্রিয়াজাত বর্জিত অংশ |
| ০৫.০৩ | ” | ঘোড়ার লোম এবং লোমের বর্জিত অংশ, সহায়ক দ্রব্যাদিসহ অথবা ব্যতীত, স্তর যুক্ত হউক বা না হউক |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০৫.০৪ | শিরোনামার অধীনে সকল কোডসমূহ | অন্যান্য পশুর (মাছ ব্যতীত) অন্ত্র, মূত্রাশয়, পাকস্থলী, সম্পূর্ণ অথবা উহার খণ্ডিত অংশ (অপ্রক্রিয়াজাত) |
| ০৫.০৫ | ” | পক্ষির চামড়া এবং অন্যান্য অংশ, পালক অথবা নরম পালক ও পালকের অংশ এবং নরম পালকসহ (পালকের ধার ছাটানো হউক বা না হউক), পরিষ্করণ, রোগ জীবাণু শূন্যকরণ বা সংরক্ষণ উপযোগীকরণ ব্যতীত অন্য কোনভাবে প্রক্রিয়াজাত নহে; পালক বা পালকের অংশ বিশেষের গুঁড়া এবং বর্জ্য |
| ০৫.০৭ | ” | হাতির দাঁত, কচ্ছপের খোলক, তিমির চোয়াল ও চোয়ালের চুল (whalebone hair), শিং, হরিণের শিং, পায়ের খুর, নখ, থাবা এবং পাখির ঠোঁট, অপ্রক্রিয়াজাত অথবা সাধারণভাবে তৈরী কিন্তু সঠিকভাবে কর্তিত নহে; এই জাতীয় পণ্যের গুঁড়ি এবং বর্জ্য |
| ০৫.০৮ | ” | প্রবাল এবং সমজাতীয় দ্রব্য, অপ্রক্রিয়াজাত বা সাধারণভাবে তৈরী কিন্তু অন্য কোনভাবে প্রক্রিয়াজাত নহে; শামুক, কাঁকড়া বা একিনোডার্ম এবং কাটলবোন, প্রক্রিয়াজাত অথবা সাধারণভাবে তৈরী কিন্তু সঠিকভাবে কর্তিত নহে; এইরূপ পণ্যের গুঁড়া ও বর্জিত অংশ |
| ০৫.০৯ | ” | প্রাণী থেকে উদ্ভূত প্রাকৃতিক স্পঞ্জ (অপ্রক্রিয়াজাত) |
| ০৫.১০ | ” | এ্যামবারগ্রীস, ক্যাসটোরিয়াম, সিভেট এবং কস্তুরী (মাস্ক), ক্যানথারাইড; (অপ্রক্রিয়াজাত) পিত্ত, শুকনা হউক বা না হউক; ভেষজ দ্রব্য প্রস্তুতে ব্যবহৃত, গ্রন্থি এবং অন্যান্য প্রাণীজ পণ্য, তাজা, ঠাণ্ডা, হিমায়িত অথবা সাময়িকভাবে সংরক্ষিত |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০৫.১১ | শিরোনামার অধীনে সকল কোডসমূহ | অন্যত্র বর্ণিত বা অন্তর্ভুক্ত হয় নাই এইরূপ প্রাণীজাত পণ্য (মোড়ক বা টিনজাত নহে); Customs Act এর First Schedule এর Chapter 1 অথবা 3 তে বর্ণিত মানুষের ভোগের অযোগ্য মৃত প্রাণী |
| ০৬.০১ | ” | কন্দ, কন্দযুক্ত মূল, করস্ম, ক্রাউনস এবং বৃক্ষের স্থুল আনুভূমিকা কাণ্ড প্রবৃদ্ধিশীল বা ফুল যুক্ত; চিকোরি উদ্ভিদ এবং Customs Act এর First Schedule এর Heading No. ১২.১২ এর আওতাধীন মূলসমূহ ব্যতীত অন্যান্য মূল |
| ০৬.০২ | ” | অন্যান্য জীবন্ত উদ্ভিদ (মূলসহ), কাটিং এবং টুকরা; ব্যাঙের ছাতার চারা |
| ০৬.০৩ | ” | ফুলের তোড়া তৈরী বা অলংকরণের উপযোগী ফুল এবং ফুলের কলি, তাজা, শুকনা, রঙ করা, ব্লিচ, পরিপূর্ণ বা অন্যভাবে প্রস্তুতকৃত |
| ০৬.০৪ | ” | ফুলের তোড়া তৈরী বা অলংকরণের উপযোগী, তাজা, শুকনা, রঙ করা, ব্লিচ, পরিপূর্ণ বা অন্যভাবে প্রস্তুতকৃত পাতা, শাখা এবং উদ্ভিদের অন্যান্য অংশ, ফুল অথবা ফুলের কলি এবং ঘাস, শেওলা এবং শৈবাল ছত্রাক ব্যতীত |
| ০৭.০১ | ০৭০১.১০.১১<br>০৭০১.৯০.১১<br>০৭০১.৯০.২১ | আলু, তাজা অথবা ঠাণ্ডা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৭.০২ | ০৭০২.০০.১১<br>০৭০২.০০.২১ | টমেটো, তাজা অথবা ঠাণ্ডা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৭.০৩ | ০৭০৩.১০.১১<br>০৭০৩.১০.২১<br>০৭০৩.২০.১০<br>০৭০৩.৯০.১০ | পেঁয়াজ, শ্যালট, রসুন, লিকস্ এবং অন্যান্য এই জাতীয় শাকসব্জি, তাজা অথবা ঠাণ্ডা (মোড়ক বা টিনজাত নহে) |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০৭.০৪ | ০৭০৪.১০.১০<br>০৭০৪.২০.১০<br>০৭০৪.৯০.১০ | বাঁধাকপি, ফুলকপি ও মাথাযুক্ত ব্রকলি, কোহিলাভি, কেইল এবং এই জাতীয় ভোজ্য ব্রাসিকাস, তাজা অথবা ঠাণ্ডা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৭.০৫ | ০৭০৫.১১.১০<br>০৭০৫.১৯.১০<br>০৭০৫.২১.১০<br>০৭০৫.২৯.১০ | লেটুস এবং চিকোরি, তাজা অথবা ঠাণ্ডা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৭.০৬ | ০৭০৬.১০.১০<br>০৭০৬.৯০.১০ | গাজর, শালগম, সালাদ বিটমূল, স্যালসিফাই, সেলেরিয়াক, মূলা এবং এই জাতীয় ভোজ্য মূল, তাজা অথবা ঠাণ্ডা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৭.০৭ | ০৭০৭.০০.১০ | শসা এবং ক্ষীরা, তাজা অথবা ঠাণ্ডা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৭.০৮ | ০৭০৮.১০.১০<br>০৭০৮.২০.১০<br>০৭০৮.৯০.১০ | শিম্বাকার শাকসব্জি, খোলস যুক্ত অথবা খোলস ছাড়ানো, তাজা অথবা ঠাণ্ডা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৭.০৯ | ০৭০৯.১০.১০<br>০৭০৯.২০.১০<br>০৭০৯.৩০.১০<br>০৭০৯.৪০.১০<br>০৭০৯.৫১.১০<br>০৭০৯.৫২.১০<br>০৭০৯.৫৯.১০<br>০৭০৯.৬০.১১<br>০৭০৯.৬০.৯১<br>০৭০৯.৭০.১০<br>০৭০৯.৯০.১১<br>০৭০৯.৯০.৯১ | অন্যান্য শাকসব্জি, তাজা অথবা ঠাণ্ডা (মোড়ক বা টিনজাত নহে) |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০৭.১০ | ০৭১০.১০.১০<br>০৭১০.২১.১০<br>০৭১০.২২.১০<br>০৭১০.২৯.১০<br>০৭১০.৩০.১০<br>০৭১০.৪০.১০<br>০৭১০.৮০.১০<br>০৭১০.৯০.১০ | সব্‌জি (বাষ্পায়িত বা গরম পানিতে ফোটানোর মাধ্যমে রন্ধনকৃত হউক বা না হউক), হিমায়িত (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৭.১২ | ০৭১২.২০.১০<br>০৭১২.৩১.১০<br>০৭১২.৩২.১০<br>০৭১২.৩৩.১০<br>০৭১২.৩৯.১০<br>০৭১২.৯০.১১<br>০৭১২.৯০.৯১ | শুকনা শাকসব্‌জি, সম্পূর্ণ, কর্তিত, ফালি, খণ্ডিত বা গুঁড়া, কিন্তু উহার চাইতে অধিক প্রস্তুতকৃত নহে (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৭.১৩ | ০৭১৩.১০.১০<br>০৭১৩.২০.১০<br>০৭১৩.৩১.১০<br>০৭১৩.৩২.১০<br>০৭১৩.৩৩.১০<br>০৭১৩.৩৯.১০<br>০৭১৩.৪০.১০<br>০৭১৩.৫০.১০<br>০৭১৩.৯০.১০ | শুকনা শিম্বাকার শাকসব্জি খোলস বা খোসা ছাড়ানো অথবা দ্বিখণ্ডিত হউক বা না হউক (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৭.১৪ | ০৭১৪.১০.১০<br>০৭১৪.২০.১০<br>০৭১৪.৯০.১১<br>০৭১৪.৯০.৯১ | ম্যানিওক, অ্যারারুট, সালেপ, জেরুজালেম ডাঁটাগাছ (Artichokes), মিষ্টি আলু এবং সমজাতীয় মূল এবং কন্দ, উচ্চ শর্করা বা ইনসুলিন উপাদানযুক্ত, তাজা অথবা শুকনা, ফালি অথবা ক্ষুদ্র দলার আকৃতির হউক বা না হউক, সাগু তরুমজ্জা (মোড়ক বা টিনজাত নহে) |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০৮.০১ | ০৮০১.১১.১০<br>০৮০১.১৯.১০<br>০৮০১.২১.১০<br>০৮০১.২২.১০<br>০৮০১.৩১.১০<br>০৮০১.৩২.১০ | নারিকেল, ব্রাজিল বাদাম এবং কাজু বাদাম, তাজা অথবা শুকনা, খোলস বা আবরণ ছাড়ানো হউক বা না হউক (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৮.০২ | ০৮০২.১১.১০<br>০৮০২.১২.১০<br>০৮০২.২১.১০<br>০৮০২.২২.১০<br>০৮০২.৩১.১০<br>০৮০২.৩২.১০<br>০৮০২.৪০.১০<br>০৮০২.৫০.১০<br>০৮০২.৯০.১০<br>০৮০২.৯০.৯১ | অন্যান্য বাদাম, সুপারী, তাজা অথবা শুকনো, খোলস বা আবরণ ছাড়ানো হউক বা না হউক (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৮.০৩ | ০৮০৩.০০.১১ | কলা, সকল প্রকার, তাজা বা শুকনা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৮.০৪ | ০৮০৪.১০.১১<br>০৮০৪.১০.২১<br>০৮০৪.২০.১১<br>০৮০৪.২০.২১<br>০৮০৪.৩০.১০<br>০৮০৪.৪০.১০<br>০৮০৪.৫০.১১<br>০৮০৪.৫০.২১<br>০৮০৪.৫০.৩১ | খেজুর, ডুমুর, আনারস, এ্যাভোক্যাডোস, পেয়ারা, আম এবং গাব, তাজা বা শুকনা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৮.০৫ | ০৮০৫.১০.১০<br>০৮০৫.২০.১০<br>০৮০৫.৪০.১১ | লেবুজাত ফল, তাজা অথবা শুকনা (মোড়ক বা টিনজাত নহে) |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| | ০৮০৫.৫০.১০<br>০৮০৫.৯০.১১<br>০৮০৫.৯০.২১ | |
| ০৮.০৬ | ০৮০৬.১০.১০<br>০৮০৬.২০.১০ | আঙ্গুর, তাজা অথবা শুকনা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৮.০৭ | ০৮০৭.১১.১০<br>০৮০৭.১৯.১০<br>০৮০৭.২০.১০ | তরমুজ জাতীয় ফল (তরমুজসহ) এবং পেঁপে, তাজা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৮.০৮ | ০৮০৮.১০.১০<br>০৮০৮.২০.১০ | আপেল, নাশপাতি এবং নাশপাতি সদৃশ্য অন্যান্য ফল, তাজা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৮.০৯ | ০৮০৯.১০.১০<br>০৮০৯.২০.১০<br>০৮০৯.৩০.১০<br>০৮০৯.৪০.১০ | এপ্রিকট, চেরী, পীচ, প্লাম এবং স্লোস, তাজা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৮.১০ | ০৮১০.১০.১০<br>০৮১০.২০.১০<br>০৮১০.৩০.১০<br>০৮১০.৪০.১০<br>০৮১০.৫০.১০<br>০৮১০.৬০.১০<br>০৮১০.৯০.১০ | অন্যান্য ফল, তাজা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৮.১৩ | ০৮১৩.১০.১০<br>০৮১৩.২০.১০<br>০৮১৩.৩০.১০<br>০৮১৩.৪০.১০<br>০৮১৩.৫০.১১<br>০৮১৩.৫০.৯১ | ০৮.০১ হইতে ০৮.০৬ শ্রেণীভুক্ত ফল ব্যতীত অন্যান্য শুকনা ফল, Customs Act এর First Schedule এর Chapter 8 এর অন্তর্ভুক্ত বাদাম অথবা শুকনা ফলসমূহের মিশ্রণ (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৯.০৪ | ০৯০৪.১১.১০ | গোল মরিচ, চূর্ণ অথবা দলানো নহে (মোড়ক বা টিনজাত নহে) |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০৯.০৫ | ০৯০৫.০০.১০ | ভ্যানিলা (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৯.০৬ | ০৯০৬.১০.১০ | দারুচিনি এবং দারুচিনি গাছের ফুল, চূর্ণ বা দলানো নহে (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৯.০৭ | ০৯০৭.০০.১০ | লবঙ্গ (সম্পূর্ণ ফল, লবঙ্গ বা কাণ্ড) (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৯.০৮ | ০৯০৮.১০.১০<br>০৯০৮.২০.১০<br>০৯০৮.৩০.১০ | জায়ফল, জৈত্রী, এলাচী (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৯.০৯ | ০৯০৯.১০.১০<br>০৯০৯.২০.১০<br>০৯০৯.৩০.১০<br>০৯০৯.৪০.১০<br>০৯০৯.৫০.১০ | মৌরী অথবা ব্যাডিয়ান, ফেনেল, ধনিয়া, জিরা, শা-জিরা বা জুনিপার (মোড়ক বা টিনজাত নহে) |
| ০৯.১০ | ০৯১০.১০.১০<br>০৯১০.২০.১০<br>০৯১০.৩০.১০<br>০৯১০.৪০.১০<br>০৯১০.৫০.১০<br>০৯১০.৯১.১১<br>০৯১০.৯১.১৯<br>০৯১০.৯৯.১০ | আদা, জাফনার, হলুদ, থাইম, তেজপাতা, কারি এবং অন্যান্য মসলা (মোড়ক বা টিনজাত নহে) |
| ১০.০১ | ১০০১.১০.১০<br>১০০১.৯০.১১<br>১০০১.৯০.২১ | গম এবং মেসলিন (মোড়ক বা টিনজাত নহে) |
| ১০.০২ | ১০০২.০০.১০ | রাই (মোড়ক বা টিনজাত নহে) |
| ১০.০৩ | ১০০৩.০০.১০ | বার্লি (মোড়ক বা টিনজাত নহে) |
| ১০.০৪ | ১০০৪.০০.১০ | জই (মোড়ক বা টিনজাত নহে) |
| ১০.০৫ | ১০০৫.১০.১০<br>১০০৫.৯০.১০ | ভুট্টা (মোড়ক বা টিনজাত নহে) |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ১০.০৬ | ১০০৬.১০.১০ | ধান (মোড়ক বা টিনজাত নহে) |
| ১০.০৭ | ১০০৭.০০.১০ | সোরঘাম শস্য (মোড়ক বা টিনজাত নহে) |
| ১০.০৮ | ১০০৮.১০.১০<br>১০০৮.২০.১০<br>১০০৮.৩০.১০<br>১০০৮.৯০.১০ | বাজরা, ভূট্টা, ক্যানারাই বীজ; অন্যান্য খাদ্য শস্য (মোড়ক বা টিনজাত নহে) |
| ১২.০১ | ১২০১.০০.১০ | সয়াবিন, চূর্ণ অথবা অচূর্ণ (মোড়ক বা টিনজাত নহে) |
| ১২.০২ | ১২০২.১০.১০<br>১২০২.২০.১০ | চীনা বাদাম, খোলস বা খোলসবিহীন, ভাজা নয় অথবা অন্যভাবে রন্ধনকৃত নহে (মোড়ক বা টিনজাত নহে) |
| ১২.০৪ | ১২০৪.০০.১০ | তিসি, ভাঙ্গা হউক বা না হউক (মোড়ক বা টিনজাত নহে) |
| ১২.০৫ | ১২০৫.১০.১০<br>১২০৫.৯০.১০ | স্বর্ষপ (Rape Seed) অথবা কোলযা বীজ, চূর্ণ অথবা অচূর্ণ (মোড়ক বা টিনজাত নহে) |
| ১২.০৬ | ১২০৬.০০.১১ | সূর্যমুখী ফুলের বীজ, চূর্ণ অথবা অচূর্ণ (মোড়ক বা টিনজাত নহে) |
| ১২.০৭ | ১২০৭.১০.১০<br>১২০৭.২০.১০<br>১২০৭.৩০.১০<br>১২০৭.৪০.১০<br>১২০৭.৫০.১০<br>১২০৭.৬০.১০<br>১২০৭.৯১.১০<br>১২০৭.৯৯.১০ | অন্যান্য তৈল্য বীজ এবং তৈল যুক্ত ফল, চূর্ণ অথবা অচূর্ণ (মোড়ক বা টিনজাত নহে) |
| ১২.০৯ | শিরোনামার অধীনে সকল কোডসমূহ | বপনের জন্য ব্যবহৃত বীজ, ফল এবং সমজাতীয় বীজগুটি |
| ১২.১০ | ১২১০.১০.১০ | তাজা অথবা শুকনা হপ কোণ, দলানো, গুঁড়া, ক্ষুদ্র বড়ির বা লুপুলিন আকারের নহে (মোড়ক বা টিনজাত নহে) |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ১২.১১ | ১২১১.১০.১০<br>১২১১.২০.১০<br>১২১১.৩০.১০<br>১২১১.৪০.১০<br>১২১১.৯০.১১<br>১২১১.৯০.২১<br>১২১১.৯০.৯১ | বৃক্ষ অথবা বৃক্ষের অংশ (বীজ এবং ফলসহ), মূলত সুগন্ধি তৈরী, ঔষধ তৈরী অথবা কীট পতঙ্গ ও ছত্রাক বিনাশ অথবা সমজাতীয় কাজে ব্যবহৃত হয়, তাজা অথবা শুকনা, কর্তিত, চূর্ণ অথবা গুঁড়া হউক বা না হউক (মোড়ক বা টিনজাত নহে) |
| ১২.১২ | ১২১২.১০.১০<br>১২১২.২০.১১<br>১২১২.২০.৯১<br>১২১২.৩০.১০<br>১২১২.৯১.১০<br>১২১২.৯৯.১০ | লেকোস্ট সীম, সামুদ্রিক আগাছা এবং অন্যান্য সমুদ্র শৈবাল, সুগার বীট এবং ইক্ষু, তাজা অথবা শুকনা, দলানো হউক বা না হউক, ফ্রুট স্টোন এবং কারনেল এবং অন্যান্য সব্জি জাতীয় পণ্যসহ (চিকোরিয়াম ইনটাইবাস স্যাটিভাম) ধরণের ভাজা নয় এইরূপ চিক্যারি মূল্যসমূহ প্রাথমিকভাবে মানুষের ভোগের জন্য ব্যবহৃত অন্যত্র বর্ণিত নহে অথবা অন্তর্ভুক্ত নয় (মোড়ক বা টিনজাত নহে) |
| ১২.১৩ | ১২১৩.০০.১০ | খাদ্য শস্যের খড়কুটা এবং খোসা, কোনভাবে প্রক্রিয়াজাত নহে, কর্তিত, দলিত, পিষ্ট অথবা ক্ষুদ্র বড়ির আকারে হউক বা না হউক (মোড়ক বা টিনজাত নহে) |
| ১২.১৪ | ১২১৪.১০.১০<br>১২১৪.৯০.১০ | সুইডস, ম্যাংগোল্ডস, পশু খাদ্যের জন্য গাছের মূল, খর, লুসেরন (আলফালফা), ক্লোভার, সেইনফয়েন, ফরেজ কেইল, লুপাইন, ভেট্চ ও অন্যান্য সমজাতীয় পশু খাদ্য, বড়ি আকারে হউক বা না হউক (মোড়ক বা টিনজাত নহে) |
| ১৩.০১ | শিরোনামার অধীনে সকল কোডসমূহ | লাক্ষা; প্রাকৃতিক গাম, রজন, গাম-রজন এবং সুগন্ধ বৃক্ষ নির্যাস |
| ১৩.০২ | ” | শাকসব্জির রস এবং নির্যাস, পেকটিক জাতীয় পদার্থসমূহ পেকটিনেট এবং পেকটেট; শাকসব্জি জাতীয় পণ্য হইতে প্রাপ্ত আগার-আগার এবং অন্যান্য বৃক্ষজ আঠা বিশেষ গুণাগুণ পরিবর্তিত হউক বা না হউক |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ১৪.০১ | ” | শাকসব্জি সামগ্রী প্রাথমিকভাবে বিনুনির জন্য ব্যবহৃত (যথা বাঁশ, বেত, বেণু-বাঁশ, নলখাগড়া, উইলো গাছের ডাল, রেফিয়া, পরিষ্কার, শুভ্র অথবা রং করা, খাদ্য শস্যের খড়কুটা, এবং গাছের আঠালো ছাল) |
| ১৪.০২ | ” | শাকসব্জি সামগ্রী প্রাথমিকভাবে স্টাফিং অথবা প্যাড তৈয়ারীতে ব্যবহৃত (যথা, নরম উদ্ভিদ অংশ, শাকসব্জি জাতীয় আঁশ এবং ইল ঘাস), স্তর হিসাবে অন্যান্য বস্তুর সহযোগে অথবা ব্যতীত ব্যবহৃত হউক বা না হউক |
| ১৪.০৩ | ” | ঝাটা অথবা ব্রাশে ব্যবহৃত এক ধরণের উদ্ভিজ্জ সামগ্রী (যথা, ব্রুমকর্ন, পিয়াসাবা, কাউচ-ঘাস, ইসেল) গোছা বা আঁটির মধ্যে হউক বা না হউক |
| ১৪.০৪ | ১৪০৪.১০.১০<br>১৪০৪.২০.১০<br>১৪০৪.৯০.১১<br>১৪০৪.৯০.৯১ | অন্যত্র বর্ণিত অথবা অন্তর্ভুক্ত নয় এইরূপ শাক-সব্জির তৈরী সামগ্রী (মোড়ক বা টিনজাত নহে) |
| ২৩.০১ | ২৩০১.১০.১০<br>২৩০১.২০.০০ | মাছ বা খোলকযুক্ত জলজ প্রাণী, শামুক বা অমেরুদণ্ডী জলজ উদ্ভিদ বা প্রাণীর মাংস বা নাড়িভূড়ির ময়দা শস্যচূর্ণ ময়দা, মানুষের ভোগের অযোগ্য; গলিত চর্বির গাদ (মোড়ক বা টিনজাত নহে) |
| ২৩.০৮ | ২৩০৮.০০.০০ | অন্যত্র বর্ণিত বা অন্তর্ভুক্ত হয় নাই এমন গবাদি পশুর খাদ্য হিসাবে ব্যবহৃত সজি সামগ্রী ও সজির বর্জিত অংশ, শাক-সজির অবশিষ্টাংশ ও উহার উপজাত, দলার আকারে হউক বা না হউক |
| ২৫.০৫ | ২৫০৫.১০.০০ | প্রাকৃতিক বালি, সকল প্রকার রং করা হউক বা না হউক, Customs Act এর First Schedule এর Chapter 26 এ শ্রেণীভুক্ত নহে এমন ধাতু আশ্রিত বালি |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ৪০.০১ | শিরোনামার অধীনে সকল কোডসমূহ | প্রাথমিক অবস্থায় অথবা প্লেট, শিট বা কাটা টুকরার অবস্থায় রক্ষিত, প্রাকৃতিক রবার, বালাটা, গাটাপার্চা, গাইয়ুল, চিকল এবং সমজাতীয় প্রাকৃতিক আঠা |
| ৪১.০১ | ” | গবাদি পশু বা অশ্বতুল্য পশুর কাঁচা চামড়া (তাজা অথবা লবণাক্ত, শুকনা, চূর্ণ দ্বারা পরিস্কৃত বা অন্যভাবে সংরক্ষিত, কিন্তু পাকা করা নহে লিখা বা অনুরূপ কাজের উপযোগী নহে বা পরবর্তী পর্যায়ের জন্য প্রস্তুত এইরূপ নহে), লোম উঠানো অথবা কর্তিত হউক বা না হউক |
| ৪১.০২ | ” | ভেড়া বা ভেড়ার বাচ্চার কাঁচা চামড়া (তাজা অথবা লবণাক্ত, শুকনা, চূর্ণ বা এসিড দ্বারা পরিস্কৃত বা অন্যভাবে সংরক্ষিত, কিন্তু পাকা করা নহে লিখা বা অনুরূপ কাজের উপযোগী নহে বা পরবর্তী পর্যায়ের জন্য প্রস্তুত এইরূপ নহে), পশমযুক্ত অথবা কর্তিত হউক বা না হউক, সামঞ্জস্যপূর্ণ নামকরণ পদ্ধতির উপর ভিত্তি করিয়া Customs Act এর First Schedule এর Chapter 41 এর Note 1(c) হইতে যাহা বাদ দেওয়া হইয়াছে তাহা ব্যতীত |
| ৪১.০৩ | ” | অন্যান্য পশুর কাঁচা চামড়া (তাজা অথবা লবণাক্ত, শুকনা, চূর্ণ বা এসিড দ্বারা পরিস্কৃত বা অন্যভাবে সংরক্ষিত, কিন্তু পাকা করা নহে লিখা বা অনুরূপ কাজের উপযোগী নহে বা পরবর্তী পর্যায়ের জন্য প্রস্তুত এইরূপ নহে), লোমযুক্ত অথবা কর্তিত হউক বা না হউক, সামঞ্জস্যপূর্ণ নামকরণ পদ্ধতির উপর ভিত্তি করিয়া Customs Act এর First Schedule এর Chapter 41 এর Note 1(b) or 1(c) হইতে যাহা বাদ দেওয়া হইয়াছে তাহা ব্যতীত |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ৪৩.০১ | শিরোনামার অধীনে সকল কোডসমূহ | পশুর পশমযুক্ত কাঁচা চামড়া (মাথা, লেজ, থাবা এবং অন্যান্য খণ্ডিত অংশ বা টুকরা, পশমী পোশাক তৈরীতে ব্যবহারের উপযুক্ত), ৪১.০১, ৪১.০২ অথবা ৪১.০৩ শিরোনামভুক্ত কাঁচা চামড়াসমূহ ব্যতীত |
| ৪৪.০১ | ৪৪০১.১০.০০ | জ্বালী কাঠ, গুঁড়ি, বিলেট, ডাল, ফ্যাগাট বা অনুরূপ আকৃতি সম্পন্ন কাঠ |
| | ৪৪০১.৩০.০০ | কাঠের ফালি বা কণা, কাঠের গুঁড়ি ও কাঠের বর্জ্য এবং বর্জিতাংশ, গুঁড়ি, ব্রিকেট, পেলেট বা অনুরূপ আকৃতিতে পিন্ডীভূত হউক বা না হউক |
| ৪৪.০৩ | শিরোনামার অধীনে সকল কোডসমূহ | অমসৃণ (rough) কাঠ, ছাল, ছাড়ান হউক বা না হউক অথবা চেরাই কাঠ অথবা সাধারণভাবে চারকোণাকৃতি |
| ৪৫.০১ | ” | প্রাকৃতিক ছিপি, কাঁচা অথবা সাধারণভাবে প্রস্তুতকৃত; ব্যবহার অযোগ্য ছিপি চূর্ণ, কণিকাকার অথবা দলানো ছিপি |
| ৫০.০১ | ” | রেশম গুটি পাকাইবার উপযোগী |
| ৫১.০১ | ” | উল, পরিস্কৃত বা আঁচড়ানো (combed) নহে |
| ৫১.০২ | ” | পশুর লোম, সূক্ষ্ম বা মোটা, পরিস্কৃত বা আঁচড়ানো নহে |
| ৫১.০৪ | ” | উল, বা সূক্ষ্ম অথবা মোটা পশুর লোমের গারনেটকৃত স্টক |
| ৫২.০১ | ” | তুলা, পরিস্কার বা আঁচড়ানো ব্যতীত |
| ৫৩.০৩ | ৫৩০৩.১০.১০<br>৫৩০৩.১০.২০<br>৫৩০৩.১০.৯০ | কাঁচা পাট |

## তফসিল - ৫

**[অর্থ আইন, ২০০৪ এর ধারা ৬২ দ্রষ্টব্য]**

**দ্বিতীয় তফসিল**

(মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩ দ্রষ্টব্য)

**মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত সেবাসমূহ**

**১। জীবন ধারণের জন্য মৌলিক সেবা:**

(ক) কৃষি জমি প্রস্তুতকারী ও কর্ষণকারী প্রতিষ্ঠান;

(খ) কৃষি সেচ প্রদানকারী প্রতিষ্ঠান;

(গ) কৃষি পোকামাকড়, বালাইনাশকারী প্রতিষ্ঠান;

(ঘ) কৃষি পণ্য সংরক্ষণ বা গুদামজাতকরণ প্রতিষ্ঠান (হিমাগার ও পণ্যাগার ব্যতীত);

(ঙ) খাদ্য শস্য, শাক-সব্জি ইত্যাদির কর্তন বা বাছাই বা মোড়কজাতকরণ;

(চ) কৃষি বীজ সংরক্ষণ ও বিতরণকারী প্রতিষ্ঠান (হিমাগার ও পণ্যাগার ব্যতীত);

(ছ) পশু-পাখির মাংস সংরক্ষণ বা গুদামজাতকরণ (হিমাগার ও পণ্যাগার ব্যতীত);

(জ) মৎস, জলজপ্রাণী ও জলজসম্পদ আহরণকারী প্রতিষ্ঠান;

(ঝ) মৎস, জলজপ্রাণী ও জলজসম্পদ সংরক্ষণ বা গুদামজাতকারী প্রতিষ্ঠান (হিমাগার ও পণ্যাগার ব্যতীত)।

**২। সমাজ কল্যাণমূলক সেবা:**

(ক) চিকিৎসা ও স্বাস্থ্য সেবা (চিকিৎসা প্রতিষ্ঠান, দন্ত চিকিৎসা কেন্দ্র এবং প্যাথলজিক্যাল ল্যাবরেটরী, বিউটি পার্লার, বিশেষজ্ঞ ডাক্তার এবং হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার কর্তৃক প্রদত্ত সেবা ব্যতীত);

(খ) শিক্ষামূলক ও প্রশিক্ষণ দানকারী প্রতিষ্ঠান;

(গ) কোচিং সেন্টার;

(ঘ) পরিবেশ দূষণরোধ প্রতিষ্ঠান;

(ঙ) পুনর্বাসনমূলক প্রতিষ্ঠান;

(চ) সামাজিক উন্নয়নে নিয়োজিত প্রতিষ্ঠান;

(ছ) বৃদ্ধ নিবাস ও চাইল্ড কেয়ার প্রতিষ্ঠান;

(জ) গবেষণা প্রতিষ্ঠান।

**৩। সংস্কৃতি সংশ্লিষ্ট সেবা:**

(ক) রেডিও ও টেলিভিশন সম্প্রচার প্রতিষ্ঠান (ভিডিও ক্যাসেট শপ, ভিডিও গেম শপ, ভিডিও ও অডিও রেকর্ডিং শপ, বিজ্ঞাপনী সংস্থা, বিজ্ঞাপন প্রচারণা এবং উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী ব্যতীত);

(খ) পুস্তক, সংবাদপত্র, ম্যাগাজিন ও সরকারী গেজেট প্রকাশনায় নিয়োজিত সংস্থা ও প্রতিষ্ঠান (ছাপাখানা ও বাঁধাই সংস্থা ব্যতীত);

(গ) শিল্পকর্ম, মৌলিক শিল্পকর্ম, সাংস্কৃতিক কর্মকাণ্ড, অপেশাদারী খেলাধূলা, অপেশাদারী ক্রীড়া প্রতিযোগিতা (খেলাধুলার আয়োজক, চলচ্চিত্র স্টুডিও, চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) ও চলচ্চিত্র পরিবেশক ব্যতীত);

(ঘ) লাইব্রেরী, সকল প্রকার যাদুঘর, আর্টগ্যালারী, চিড়িয়াখানা, বোটানিক্যাল গার্ডেন (ইজারা গ্রহণকারী ব্যতীত);

(ঙ) সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনকারী প্রতিষ্ঠান (কমিউনিটি সেন্টার, বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজক, খেলাধুলার আয়োজক, শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী ব্যতীত);

(চ) গল্‌ফ ক্লাব, শুটিং ক্লাব, রেসিং প্লেস, ফ্লাইং ক্লাব ও ড্রাইভিং ক্লাব, সকল প্রকার সামাজিক, সাংস্কৃতিক ও খেলাধুলা বিষয়ক ক্লাব (ইজারা গ্রহণকারী এবং হোটেল ও রেস্তোরাঁ, ডেকোরেটরস ও ক্যাটারার্স, কমিউনিটি সেন্টার, মিষ্টান্নভাণ্ডার, প্রেক্ষাগৃহ, বিউটি পার্লার, হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার, শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী, অডিও ক্যাসেট শপ, ভিডিও গেম শপ, ভিডিও অডিও রেকর্ডিং শপ ব্যতীত);

(ছ) কৃষি পণ্য বা উদ্যান বা খামার, পশু-পাখি, মৎস, জলজ প্রাণী ও জলজ সম্পদ, বনজ প্রাণী ও বনজ সম্পদ, শিল্প, সংস্কৃতি, সাহিত্য, বাণিজ্য, অর্থ, প্রযুক্তি, স্থাপত্য, প্রকৌশল ইত্যাদি বিষয়ক মেলা ও প্রদর্শনীর প্রবেশ ফি (ইজারা গ্রহণকারী এবং হোটেল ও রেস্তোরাঁ, ডেকোরেটর ও ক্যাটারিং, কমিউনিটি সেন্টার, মিষ্টান্নভাণ্ডার, প্রেক্ষাগৃহ, বিউটি পার্লার, হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার, শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী এর সুবিধা প্রদান ব্যতীত)।

**৪। অর্থ ও আর্থিক বিষয় সংশ্লিষ্ট সেবাঃ**

(ক) সেভিংস ও সঞ্চয় গ্রহণ;

(খ) জীবন বীমা পলিসি;

(গ) স্টক ও সিকিউরিটি এক্সচেঞ্জ প্রতিষ্ঠান;

(ঘ) স্টক ও সিকিউরিটি ব্রোকারসহ অন্যান্য ব্রোকার (পরিবহন ঠিকাদার, যোগানদার, ফ্রেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা, ইনডেনটিং সংস্থা, ট্রাভেল এজেন্ট ও নিলামকারী প্রতিষ্ঠান ব্যতীত);

(ঙ) ডিসকাউন্ট কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান।

**৫। পরিবহন সেবাঃ**

(ক) যাত্রী পরিবহন সেবা (শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল বাস, লঞ্চ ও রেলওয়ে সার্ভিস, যানবাহন ভাড়া প্রদানকারী ব্যতীত);

(খ) পণ্য পরিবহন সেবা (শিপিং এজেন্ট, ফ্রেইট ফরোয়ার্ডার্স, পরিবহন ঠিকাদার ও কুরিয়ার সার্ভিস এর সেবা ব্যতীত);

(গ) এয়ার লাইনস্‌ (চার্টার্ড বিমান ও হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা ব্যতীত)।

**৬। ব্যক্তিগত সেবাঃ**

(ক) সাংবাদিক, অভিনেতা, গায়ক, বেতার ও টেলিভিশন পারফরমার, লেখক, পেশাদার ক্রীড়াবিদ, নৃত্য শিল্পী, অনুবাদক, জ্যোতির্বিদ, টাইপিস্ট, বিবাহ রেজিস্ট্রার, ঘটকালী প্রতিষ্ঠান, প্লাম্বার, কাঠমিস্ত্রি, রাজমিস্ত্রি, ইলেকট্রিক্যাল মিস্ত্রী (কনসালট্যান্সী ফার্ম ও সুপারভাইজারী ফার্ম ও জরিপ সংস্থা ব্যতীত);

(খ) শিক্ষা বিষয় সংশিষ্ট গবেষক, টেকনিকাল বিষয় সংশ্লিষ্ট গবেষক; কম্পিউটার বিশেষজ্ঞ (কনসালটেন্সি ফার্ম ও সুপারভাইজারী ফার্ম ও জরিপ সংস্থা ব্যতীত);

(গ) সকল প্রকার বাহনের চালক, অভ্যন্তরীণ নৌপথের পাইলটসহ হারবার পাইলট;

(ঘ) ডিজাইনার (আর্কিটেক্ট, ইন্টিরিয়র ডিজাইনার বা ইন্টিরিয়র ডেকোরেটর, ইঞ্জিনিয়ারিং ফার্ম, কনসালটেন্সি ফার্ম ও সুপারভাইজারী ফার্ম ব্যতীত);

**৭। অন্যান্য সেবাঃ**

(ক) সকল প্রকার ধর্মীয় আচার, অনুষ্ঠান, স্থান ও স্থাপনায় সেবা প্রদানকারী প্রতিষ্ঠান;

(খ) ডাক যোগাযোগ প্রতিষ্ঠান (কুরিয়ার সার্ভিস ও এক্সপ্রেস মেইল সার্ভিস ব্যতীত);

(গ) জনস্বার্থে প্রদত্ত সকল প্রকার দাতব্য ও বৈজ্ঞানিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান;

